# Basic Rules of English Speaking

**অটোমেটিক স্ক্রলের মাধ্যমে ই-বুক পড়া / রিড়ের জন্যঃ**

আপনার ই-বুক বা pdf রিডারের Menu Bar এর View অপশনটি তে ক্লিক করে Auto /Automatically Scroll অপশনটি সিলেক্ট করুন (অথবা সরাসরি যেতে ⇨ Ctrl + Shift + H )। এবার ↑ up Arrow বা ↓ down Arrow তে ক্লিক করে আপনার পড়ার সুবিধা অনুসারে স্ক্রল স্পীড ঠিক করে নিন।

**কোন পেইজে সরাসরি যাবার জন্যঃ**

আপনার ই-বুক বা pdf রিডারের Options বা View তে ক্লিক করে Go To অপশনটি সিলেক্ট করুন (অথবা সরাসরি যেতে Adobe Reader ⇨Shift + Ctrl+N এবং Foxit Reader ⇨ Ctrl+G), আপনার প্রয়োজনীয় পৃষ্ঠার Page number টি লিখুন ; এবং OK প্রেস করুন ।

tanbircox.blogspot.com

# Basic Rules of Effective English Communication

## ☆ Am/is/are to = তে হয়

S + am/is/are + to + PV (1st)

i) আমাকে স্কুলে যেতে হয় ।=- I am to go to school.

ii) তাকে মিটিং এ অংশগ্রহন করতে হয় ।=- He is to attend the meeting.

iii) তোমাকে গাড়ি চালাতে হয় ।=-You are to drive car.

## ☆ Have/has to = তেই হয়

S + have/has + to + PV (1st)

i) মিথিলাকে কাজ করতেই হয় ।=- Mithila has to do work.

ii) তাকে মিটিং এ অংশগ্রহন করতেই হয় ।=- He has to attend the meeting.

iii) তোমাকে গাড়ি চালাতেই হয় ।=-You have to drive car.

## ☆ Had to = তেই হয়েছিল

S + had to + PV (1st)

i) আমাদের ফুটবল খেলতেই হয়েছিল ।=- We had to play football.

ii) তাকে মিটিং এ অংশগ্রহন করতেই হয়েছিল ।=- He had to attend the meeting.

## ☆ Shall/will have to = তে হইবে

S + shall/will have to + PV (1st)

i) তোমাকে ধৈর্য রাখতে হইবে ।=- You will have to keep patience.

ii) আমাকে কথা রাখতে হইবে ।=- I shall have to keep word.

## ☆ Have/has got to = তেই হইবে

S + have/has got to + PV (1st)

i) তোমাকে ধৈর্য রাখতেই হইবে ।=-You have got to keep patience.

ii) আমাকে কথা রাখতেই হইবে ।=- I have got to keep word.

## ☆ Am/is/are supposed to = কথা আছে

S + am/is/are + supposed to + PV (1st).

i) আমার ইংরেজী শেখার কথা আছে।=- I am supposed to learn English.

ii) ফিরোজের অরেঞ্জবিডিতে চাকরি পাওয়ার কথা আছে।=- ।=- Firoz is supposed to get a job at Orangebd.

iii) তোমার আজ নামাজ পড়ার কথা আছে=-Today you are supposed to say prayer

iii) তোমার গতমাসে বিয়ে করার কথা ছিল।=- You were supposed to get married last month.

## ☆ Was/were supposed to = কথা ছিল

S + was/were + supposed to + PV(1st).

i) আমার ইংরেজী শেখার কথা ছিল।=- I was supposed to learn English.

ii) ফিরোজের অরেঞ্জবিডিতে চাকরি পাওয়ার কথা ছিল।=-

## ☆ Am/is/are likely to = সম্ভাবনা আছে

S + am/is/are + likely to + PV (1st).

i) i) আমার এ+ পাওয়ার সম্ভাবনা আছে।=- I am Likely to get A+.

ii) বৃষ্টি হওয়ার সম্ভাবনা আছে।=-It is Likely to rain.

iii) তোমার ভাল চাকরি পাওয়ার সম্ভাবনা আছে।=-You are Likey to get a good job.

tanbircox.blogspot.com

## ☆ Was/were likely to = সম্ভাবনা ছিল

S + was/were + likely to + PV (1st).

i) i) আমার এ+ পাওয়ার সম্ভাবনা ছিল।=- I was Likely to get A+.

ii) বৃষ্টি হওয়ার সম্ভাবনা ছিল।=-It was Likely to rain.

iii) তোমার ভাল চাকরি পাওয়ার সম্ভাবনা ছিল।=-You were Likey to get a good job.

## ☆ Can not but = না পারি না

S + can not but + PV (1st).

i) আমরা ভাত না খেয়ে পারি না =- We can’t but eat rice.

ii) আমরা বাথরুমে না যেয়ে পারি না ।=-we can't but go washroom.

## ☆ Could not but = না পারলাম না

S + could not but + PV (1st).

i) আমরা তাকে না মেরে পারলাম না =- We couldn’t but bit him. .

ii) আমি সেখানে না যেয়ে পারলাম না ।=- I couldn’t but go there .

## ☆ Should have = উচিৎ ছিল

S + should have + PV(3rd).

i)আমার কথা রাখা উচিত ছিল।=- I should have kept word.

## ☆ Shouldn’t have = ঠিক/উচিৎ হয় নাই

S + should not have + PV(3rd).

i) তোমার ঘুষ খাওয়া ঠিক হয় নাই।=-You shouldn’t have taken bribe.

ii) তোমার কথাটি না রাখা উচিত হয় নাই ।=- You shouldn’t have broken the word.

## ☆ Intend to = ইচ্ছা আছে

S + intend to + PV(1st) .

i) আমার একটা গাড়ি কেনার ইচ্ছা আছে ।=-: I intend to buy a car.

ii) ফারুকের বিদেশ যাবার ইচ্ছা আছে ।=-Faruk intends to go abroad.

## ☆ Enjoy = আনন্দ/সুখ/শান্তি/মজা

S + enjoy + PV.ing + ....

i) আমি গাড়ি চালিয়ে মজা পাচ্ছি ।=- I enjoy driving car.

ii) আমি টেলিভিশন দেখে মজা পাচ্ছি ।=-I enjoy watching TV.

## ☆ PV + ing = ইয়া/ইয়ে........

Having + PV(3rd) + obj, another clause..... .

tanbircox.blogspot.com

i) ভাত খাইয়া আমি কলেজে যাব ।=- Having eaten rice, I will go to collage.

ii) ওযু করিয়া আমি নামাজ পড়ব ।=-Having taken ablution, I will say prayer.

## ☆ Feel like = ইচ্ছে করছে.......

S + feel like + PV.ing.

i) আমার চা খেতে ইচ্ছে করছে।=-I feel like taking tea.

ii) আমার অফিসে যেতে ইচ্চে করছে।=-I feel like going to office.

iii) আমার বৃষ্টিতে ভিজতে ইচ্ছে করছে।=-I feel Like getting wet in the rain.

## ☆ Dare = সাহস

How dare + S + PV (1st) .

i) এত বড় সাহস আমার মুখের সামনে কথা বলিস ?=-How dare you speak before my nose ?

## ☆ Need = প্রয়োজন / দরকার

S + need to + PV (1st) .

i) আমার একটা কলম কেনা দরকার।=-I need to buy a pen.

ii) আমার ইংরেজি শেখা প্রয়োজন ।=-I need to learn english.

## ☆ Get + Adj = হওয়া

S + get (AT) + adj +.......

i) আমার মাথা গরম হয়ে যাচ্ছে।=- My head is getting hot(adj).

ii) চা ঠান্ডা হয়ে যাচ্ছে।=-Tea is getting cold(adj).

iii) আমার শরীর অবশ হয়ে যাচ্ছে।=-My body is getting numb (adj)

## ☆ What is = কি হচ্ছে /চলিতেছে

What+ is + on + .........?

i) সেখানে কি হচ্ছে ?=-What's on there?

ii) TV তে কি হচ্ছে ?=- What's on TV?

## ☆ Own risk = নিজ দায়িত্বে

S + PV(AT) + obj + at + possessive Case + own risk.

i) মালামাল আপনার নিজ দায়িত্বে রাখুন।=- keep your goods at your own risk.

ii) যা কিছুই কর,তোমার নিজ দায়িত্বে করো।=- Whatever you do, do it at your own risk.

## ☆ Own interest = নিজ স্বার্থে

S + PV(AT) + obj + on + possessive Case + own interest .

i) সে তার নিজ স্বার্থে আমাকে ঠাণ্ডা রাখে ।=- He keeps me cool on his own interest .

tanbircox.blogspot.com

ii) যা কিছুই কর ,তোমার নিজ স্বার্থে কর ।=- Whatever you do , do it on your own interest .

### ☆ Having problem = সমস্যা হচ্ছে

S + be verb + having problem + PV.ing

i) আমার ঘুমাতে সমস্যা হচ্ছে।=- I am having problem sleeping.

ii) আমার প্রশ্ন করতে সমস্যা হচ্ছে।=- I am having problem asking question.

### ☆ Hardly = খুবই কম..

S + hardly + PV(1st).

i) আমি খুবই কম কম চা চাই।=- I hardly take tea.

ii) আমি খুবই কম কম ঘুষ খাই।=- I hardly take bribe.

তোমার কাজটি করা উচিত ছিল।=- You should have done the work.

ii) iii) আমি খুবই কম কম নামাজ পড়ি।=- I hardly say prayer.

### ☆ As often as = যতবার...ততবার

S + PV(AT) + obj + as often as + S + PV(AT) +. ...

i) আমি যত বার সেখানে যাই তত বার ইংরেজি বলি ।=-I speak English as often as I go there .

ii) সে যতবার গ্রেপ্তার হয় তত বার ছাড়া পায় ।=-He is released as often as he is arrested .

### ☆ Every after how long = কতক্ষন পর পর

Every after how long+ AV + S + PV (AT) + ?

i) তুমি কতক্ষণ পরপর ঔষুধ খাও ।=- Every after how long do you take medicine ?

ii) তুমি কতক্ষণ পরপর এখানে আস ।=- Every after how long do you come here?

### ☆ As well as = অধিকন্তু /এটাও ওটাও

S + PV(AT) + obj + as well as + N/P .

i) সে আমাকে থাকতেও দিয়েছিল এবং খাইতেও দিয়েছিল ।=-He gave me food as well as shelter
.

ii) সে ইংরেজিও বলতে পারে এবং বাংলাও বলতে পারে ।=- He speaks English as well as Bangla .

### ☆ Where there = যেখানে সেখানে...

Where there + be verb + N/P + there + be verb + N/P +....

i) যেখানে ভালবাসা আছে সেখানেই শান্তি আছে।=- Where there is love there is peace.

ii) যেখানে নারী আছে সেখানেই সমস্যা আছে।=- Where there is woman there is problem.

### ☆ let alone = দূরের কথা

অপেক্ষাকৃত ছোট কাজ + let alone + অপেক্ষাকৃত বড় কাজ .. .

tanbircox.blogspot.com

i) তুমি হাতিতো দূরের কথা একটি বিড়ালও মারতে পারবে না ।=-You will not be able to kill a cat let alone an elephant .

ii) সে ইংরেজি তো দূরের কথা বাংলাই বলতে পারে না ।=- He can't speak bangla let alone english .

## ☆ Got fancy = কিছু মনে ধরলে

S + have/has + got + fancy + for + N/P +..

i) গাড়ীটি আমার মনে ধরেছে ।=- I have got fancy for the car.

ii) মেয়েটি আমার মনে ধরেছে ।=- I have got fancy for the girl.

## ☆ Left = বাকী নাই

No + N/P + be verb + left + to + PV(1st).

i) কোন সমস্যা বোঝা বাকী নাই ।=- No problem is left to understand.

ii) কোন কাজ করা বাকী নাই ।=- No work is left to do.

## ☆ Lost = মগ্ন থাকা /হারিয়ে যাওয়া

S + be verb + lost + in + N/P .

i) আমি তার চোখের মাঝে হারিয়ে গেছি ।=-I am lost in her eyes.

ii) আমি তোমার ভালবাসার মধ্যে হারিয়ে গিয়েছিলাম ।=-I was lost in your love .

## ☆ Convenience = সুবিধামত

S + PV(AT) + obj + at + possessive case + Convenience + ....

i) তুমি যদি তোমার সুবিধা মত কাজ কর তাহলে বিপদে পরবে ।=-You will fall in danger if you do at your convenience .

ii) সে তার সুবিধা মত কাজ করছে ।=-He is doing work at his convenience .

## ☆ After = নামে

S + establish(AT) + N/P + After + possessive case + name .

i) আমি আমার মায়ের নামে একটা হসপিটাল প্রতিষ্ঠা করব ।=-I will establish a hospital After my mother's name.

ii) আমি আমার বাবার নামে একটা স্কুল প্রতিষ্ঠা করব ।=- I will establish a school After my father's name .

## ☆ Let = কর/করতে দাও

PV(1st) + let + PV(1st) .

i) কর এবং করতে দাও ।=-Do let do .

tanbircox.blogspot.com

ii) নিজে খাও অন্যকে খেতে দাও ।=-Eat let eat. .

## ☆ For the sake of = খাতিরে

S + PV(AT)+ obj + for the sake of + PV.ing +......

i) আমরা ইংরেজির শেখার খাতিরে এখানে এসেছি ।=-We have come here for the sake of learning English .

## ☆ Point = যুক্তি আছে

There + be verb + a point + in + PV.ing + (S) + Ext.

i) সেখানে যাওয়ার যুক্তি আছে ।=-There is a point in going there.

ii) ঋতুকে ভালবাসার যুক্তি ছিল ।=- There was a point in loving Ritu .

## ☆ Less Try = চেষ্টার কোন ত্রুটি নাই

There + be verb + no less try to + PV(1st) .

i) বিয়ে করতে চেষ্টার কোন ত্রুটি নাই ।=- There is no less try to marry .

ii) ইংরেজি বলতে চেষ্টার কোন ত্রুটি নাই ।=- There is no less try to speak English.

## ☆ Boast = অহংকার

S + boast (AT) + in + PV.ing + .....

i) কাজটি করতে সে অহংকার করিয়াছে ।=-He has boasted in doing the work .

ii) ফারজানা গান গাইতে অহংকার করতেছে ।=- Farjana is boasting in singing song .

## ☆ Thanked = ধন্য হয়েছি

S + be verb + thanked + to + PV(1st) .

i) আমি তোমাকে ভালবেসে ধন্য হয়েছি ।=- I am thanked to love you .

ii) আমি এখানে এসে ধন্য হয়েছি ।=- I am thanked to come here .

## ☆ How about = কেমন হয়

How about + PV.ing+......

i) ইংরেজী শিখলে কেমন হয়?=- How about learning English?

ii) প্রেম করলে কেমন হয়?=- How about making love?

iii) বিয়ে করলে কেমন হয়?=- How about marrying?

## ☆ Ignore = উপেক্ষা করে কিছু করা

S + PV(AT) + obj + ignoring + N/P.....

i) আমি ঝোড়ো বাতাশ উপেক্ষা করে এখানে আসিয়াছি ।=-I have come here ignoring gusty wind.

tanbircox.blogspot.com

ii) বাবা মায়ের কথা উপেক্ষা করে আমাদের কিছু করা উচিত না।=-We should not do anything ignoring parents' order.

## ☆ Edge = দ্বারপ্রান্তে/ কিনারে

S + PV(AT) + at the edge of + N/P.....

i) আমি বিপদের দ্বারপ্রান্তে পৌঁছে গেছি ।=- I have reached at the edge of danger.

ii) আমি বিবাহের দ্বারপ্রান্তে পৌঁছে গেছি ।=- I have reached at the edge of marriage .

## ☆ No good = লাভ নেই

It + be verb + no + good + PV.ing.

i) দুনিয়ার পিছে ঘুরে লাভ নাই।=- It is no good to run after the world.

ii) টাকার পিছে ঘুরে লাভ নেই।=- It is no good to run after money.

iii) প্রেম করে লাভ নেই।=- It is no good to make love.

## ☆ What good = লাভ কি

What good to + PV(1st)?

i) টাকার পিছে ঘুরে লাভ কি?=- What good to run after money?

ii) ইংরেজী শিখে লাভ কি?=- What good to learn English?

iii) চাকরি করে লাভ কি?=- What good to do job?

## ☆ What harms = ক্ষতি কি

What + harms to + PV(1st)?

i) এখানে দাড়িয়ে থাকলে ক্ষতি কি?=- What harms to stand here?

ii) বিদেশে গেলে ক্ষতি কি?=- What harms to go abroad?

iii) টাকা ধার দিলে ক্ষতি কি?=- What harms to lend money?

## ☆ Lest = পাছে আবার

S + PV(AT) + obj + lest + S + should + PV(AT) .

i) দ্রুত দৌড়াও পাছে আবার ট্রেন হারাবে ।=- Run fast lest you should miss the train.

ii) এক খণ্ড জমি কিনে ফেল পাছে কিনতে পারবে না ।=- Buy a piece of land lest you should be unable to buy .

## Back = পেছনে নিয়ে যাওয়া....

S + back(AT) + compliment + to + N/P or place .

i) আমার শৈশব স্মৃতি আমাকে পিছনে নিয়ে গিয়েছে।=- My childhood memory has backed me to the past.

ii) এই ছবিটি আমাকে রাজশাহিতে নিয়ে যায় ।=- This picture backs me to rajshahi.

tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

# Useful Social Expressions In English

## ☆Ability Expressing - যোগ্যতা প্রকাশ

দৈনন্দিন জীবনে আমাদেরকে নানা ধরনের কাজ করতে হয়। কাজের প্রসঙ্গ আসলে পারা বা না পারার কথা ওঠে। কেউ কোনো কাজ করতে পারে কি পারে না এই জাতীয় যোগ্যতাকে বর্ণনা করার জন্য সচরাচর Can ব্যবহৃহ হয়। এটি একটি Modal Auxiliary যার পরে সব সময় verb এর Simple Form হয়।

I can ........

You can ......

Can একটি Modal Verb হওয়ায় এর সাথে s/es যুক্ত হয় না এবং এরপর To infinity ব্যবহৃত হয় না।

I can do it. → আমি এটি করতে পারি।

She can speak English fluently. → সে সাবলীলভাবে ইংরেজি বলতে পারে।

**Negative sentence-এ contraction (সংক্ষিপ্ত) 'can't' ব্যবহৃত হয়। Question-এ একে মূল verb-এর আগে বসানো হয়।**

I can't lift the box. → আমি বাক্সটি উঠাতে পারি না।

Can he speak English? → সে কি ইংরেজি জানে?

tanbircox.blogspot.com

## ☆Adding More Information - আরও তথ্য যোগ

কথোপকথনে কোন বিষয়ের পক্ষে মত প্রদান করতে হলে অধিকাংশ ক্ষেত্রে তার পক্ষে তথ্য প্রদান করতে হয়। এভাবে প্রদত্ত তথ্যের সাথে আরো তথ্য প্রদান করতে হলে কিছু word বা phrase দ্বারা এই সংকেত দিতে হয় যে এ বিষয়ে আরো কিছু বলা হচ্ছে। যেমন-

Also → তাছাড়া

And → এবং

Moreover → অধিকন্তু

Besides that → এছাড়া/তাছাড়া

Another thing → আরেকটি বিষয়

Not only that → শুধু তাই নয়

Another important things is that → আরেকটি গুরুত্বপূর্ণ ব্যাপার হলো

There's another reason why → তা কেন ঘটে তার আরেকটি কারণ আছে

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

## ☆Addressing Somebody - কাউকে সম্বোধন করা

কাউকে কাছে বা ধূর থেকে নাম, পরিচয়, বা পদবী ধরে ডাকাকে বলে সম্বোধন করা। দেশ ভেদে এবং ব্যক্তি ভেদে এগুলো ভিন্ন ভিন্ন হয়। সম্বোধন রীতির এই শ্রেণীভেদ বাংলাতেও আছে। Informal পরিবেশে অতিপরিচিত আত্মীয়-স্বজন বা বন্ধু-বান্ধবের ক্ষেত্রে:

Hi Ruma, where are you going?

Shahin, come here.

May I come in?

Did you call me mother?

## ☆Agreeing - সমর্থন করা

কারো কোনো প্রস্তাবে রাজি হলে তা কিভাবে প্রকাশ করবেন? অধিকাংশ সময়ে কারো কোনো মন্তব্যে একমত হলে ইতিবাচক সায় দেওয়ার দরকার হয়। প্রস্তাবে রাজি হয়ো বা না হওয়া প্রকাশ করতে সচরাচর নিচের style গুলি ব্যবহৃত হয়।

I agree → আমি একমত

You're right → ঠিক বলেছেন

I agree with you → আমি আপনার সাথে একমত

Yes, that's right → হ্যাঁ, তা ঠিক

I couldn't agree more → আমি পুরোপুরি রাজি

That's really the case → ঘটনাটা আসলেই তাই

You're absolutely right → একেবারে ঠিক বলেছেন

You can say that again → আমি আপনার সাথে পুরোপুরি রাজি

Yes, I have the same opinion → হ্যাঁ, আমারও একই মত

## ☆Anger - রাগ/ক্ষোভ প্রকাশ

রাগ প্রকাশ করার জন্য সবচেয়ে বেশি ব্যবহৃত হয় স্বরভঙ্গি এবং বাক্যভঙ্গি। ফলে যে বাক্যরূপ দ্বারা প্রশংসা করা যায়, তা দিয়ে তীব্র রাগ এবং বিরক্তিও প্রকাশ করা যায়। অনেক সময়ে শুধু বিশেষ ধরনের প্রশ্নের দ্বারাও রাগ প্রকাশ করা হয়। তবে চেতারা এবং স্বরের পরিবর্তন অবশ্যই করতে হবে। যেমন:

What are you doing? → তুমি কী করছো?

What the hell are you doing? → কী করছো তুমি, শুনি?

## ☆Attracting Attention - কারো দৃষ্টি আকর্ষণ করা

পথে চলতে চলতে অচেনা কোনো লোককে ডেকে সঠিক পথ সম্বন্ধে জিজ্ঞাসা করতে হলে, অন্যমনস্ক বা নিজের কাজে ব্যস্ত লোকটিকে কোন প্রয়োজনে ডাকতে হলে, ইত্যাদি ক্ষেত্রে প্রথমে প্রয়োজন হয় ভদ্রতাপূর্ণভাবে কারো দৃষ্টি আকর্ষণ করা। বাংলায় এরূপ কাজ আমরা 'এই যে ভাই শুনুন' ধাঁচের বাক্য বা উক্তি দ্বারা সম্পন্ন করে থাকি। ইংরেজিতে এরূপক্ষেত্রে প্রাথমিক পর্যায়ের ভদ্রতাপূর্ণ express গুলো নিচে দেওয়া হলো--

facebook /gmail/skype: - tanbir.cox Website 🌍:- http://tanbircox.blogspot.com

Excuse me → শুনুন
Listen → শুনুন
Oh, come on! → আহ, একটু বুঝতে চেষ্টা করো তো!
Do you follow me? → আমার কথা বুঝতে পারছো তো?
Are you with me? → আমার কথা শুনছেন তো?
Am I clear to you? → আমি কি বিষয়টা বুঝাতে পেরেছি?
Am I not right? → ঠিক বলিনি?
Isn't it true? --- এটা কি সত্য নয়?
Isn't it really true? → এটা কি আসলেই সত্য নয়?

## ☆Castigating - তিরস্কার করা/বকা দেওয়া

কাকে কিভাবে বকা দিতে হবে, তা নির্ভর করে যে বকা দিবে তার সাথে যাকে বকা দেওয়া হবে তার সম্পর্কের ওপর। নিচে এধরনের কিছু expression দেওয়া হলো--
What! You can't do it? → কী! তুমি এটা করতে পারবে না?
Shut up! Don't talk nonsense! → চুপ করো! বাজে বকো না!
That's enough! → অনেক হয়েছে!
How foolish! Who told you to do it that way? → কী বোকা! তোমাকে এটা ঐভাবে করতে কে বলেছে?

tanbircox.blogspot.com

## ☆Comment Clause - মত প্রকাশক খণ্ডবাক্য

মানুষ যে কথাই বলুক, যে তথ্যই প্রদান করুন, তার সাথে সংশ্লিষ্ট ব্যাপারে সে নিজের মতকে প্রকাশ করতে পছন্দ করে। এরূপ শব্দগচ্ছকে ইংরেজিতে বলা হয় comment clause. কোনো বাক্যে যা বলা হলো, সে বিষয়ের প্রতি বক্তার নিজের মনোভাব প্রকাশ করার জন্য এরূপ clause ব্যবহৃত হয়। নিচে কিছু comment clause-এর উদাহরণ দেওয়া হলো--
I regretted that he didn't take my advice = To my regret, he didn't take my advice.
To my regret = I regretted that (regret = আক্ষেপ করা)
It was surprising that he didn't get frightened at all = Surprisingly, he didn't get frightened at all.
Surprisingly = It was surprising that (frightened = ভয় পাওয়া)
I was surprised to find them all = To my surprise, I found them all.

## ☆Comparing ~ তুলনা

মনের ভাব প্রকাশের এক ব্যাপক অংশ জুড়ে থাকে তুলনার ব্যাপার। দুই বা ততোধিক ব্যক্তি বা বস্তু ইত্যাদিকে আমরা একটির সাথে অপরটিকে বিভিন্নভাবে তুলনা করে থাকি।

As …….. as

Not so/as …….. as

Nearly as …….. as

Exactly as …….. as

She is as beautiful as her sister. → সে তার বোনের মতো সুন্দরী।

She is not so beautiful as her sister. → সে তার বোনের মতো সুন্দরী নয়।

## ☆Connecting Statements ~ বক্তব্য সংযুক্তবরণ

আমরা যখন কথা বলি তখন একটি পূর্ণাঙ্গ বক্তব্যকে একটি যৌক্তিক প্রবাহের মধ্যে সামনের দিকে এগিয়ে নিয়ে যাওয়ার চেষ্টা করি। ফলে কারণের (cause) সাথে ফলকে (effects) সংযুক্ত করার জন্য আমাদেরকে অতিরিক্ত কিছু word বা phrase ব্যবহার করতে হয়। এগুলিকে এক কথায় বলে transition markers বা connectives. যেমন --

And → এবং

Moreover → অধিকন্তু

Besides → তাছাড়া

Again → অধিকন্তু

While → যখন

Whereas → অথচ

To speak in detail → বিস্তারিতভাবে বলতে গেলে

One word more about it → এ সম্বন্ধে আরেকটা কথা বলা যাক

And that's not all → এতেই ঘটনার শেষ নয়

Not only that → শুধু তাই নয়

tanbircox.blogspot.com

## ☆Criticizing ~ সমালোচনা করা

কারো কোন কাজের বা কথার বা বিশ্বাসের সমালোচনা করতে গেলে বিশেষ কোনো গঠনের (structure) বাক্য প্রয়োজন হয় না। সেক্ষেত্রে সংশ্লিষ্ট পরিস্থিতি এবং বলার ভঙ্গি থেকেই বুঝা যায় শ্রোতার কোন কথাটি সমালোচনামূলক। তবুও সচরাচর কোন কিছুর সমালোচনা করার সময় আমরা যে ভাবগুলিকে সবচেয়ে বেশি প্রকাশ করে থাকি সেগুলি হলো:

তাচ্ছিল্যপূর্ণ সমালোচনামূলক প্রশ্ন (critical question)

Are you mad? → তুমি কি পাগল?

আপত্তিকরা (disapprove)

You are not permitted to come here → তোমার এখানে আসার অনুমতি নেই।

বিরক্তি (boredom)

What a rubbish! → কি বিশ্রী!

ক্রোধ (anger)

I will teach you a good lesson. → আমি তোমাকে উচিৎ শিক্ষা দিবো।

** দৃঢ়তা প্রকাশ করার জন্য shall-এর পরিবর্তে will ব্যবহৃত হয়।*

## ☆Denial ~ অস্বীকৃতি

আগে ঘটেছে বা ঘটছে বলে মনে করা হয়েছে এমন কোন ঘটনার সত্যতাকে অস্বীকার করা হলে তাকে বলে অস্বীকৃতি বা Denial.

Kamal denied having gone there. → কামাল সেখানে যাবার ব্যাপারটি অস্বীকার করেছিলো।

She denied having broken the window. → জানালাটি ভাঙ্গার কথা সে অস্বীকার করলো।

Negative sentence ব্যবহার করে সরাসরি কোন ঘটনার সত্যতাকে অস্বীকার করা যায়। যেমন:

You went there, didn't you? → তুমি সেখানে গিয়েছিলে, গিয়েছিলে কি?

No. I didn't. → না, আমি যাই নি।

tanbircox.blogspot.com

## ☆Direction ~ দিক/অভিমুখ

কোন দিকে বা কোন কিছুর অভিমুখে কোন গতিশীলতাকে প্রকাশ করতে হলে উক্ত দিকটিকে প্রকাশ করার উপায় জানতে হয়। নিচে দিক প্রকাশক কিছু word এবং phrase দেওয়া হলো:

To (দিকে) → Go to the college.

Towards (সামনের দিকে) → He is coming towards me.

Ahead (সামনের দিকে) → Go ahead to find the place.

Back (পিছনে/পিছনের দিকে) → Please come back.

Backward (পিছনের দিকে) → Look backward.

Beside (পাশে/পাশের দিকে) → Sit beside me.

Above (উপরের দিকে) → The fan is above my head.

Upward (উপরের দিকে) → Go upward the hill.

Down (নিচে) → He fall down from the tree.

Along (বরাবর; সামনের দিকে) → Go along the road.

Around (চারদিকে) → There are flowers around him.

About (প্রায়) → It is about five o'clock.

Straight (সোজা; বরাবর) → The road is straight.

## ☆ Disapproval ~ অননুমোদন/অপছন্দ

পছন্দ করা শিখতে হলে অপছন্দ করাও শিখতে হয়। ফলে পছন্দকে প্রকাশ করা শিখতে হলে অপছন্দকেও প্রকাশ করা শিখতে হয়। অপছন্দের সাথে বিরক্তি, ক্রোধ ইত্যাদি বোধের যোগসূত্র মৌলিক বলে কোন কোন বাক্য এরূপ একের অধিক ভাবও প্রকাশ করতে পারে।

I don't like it. → এটা আমি পছন্দ করি না।

How do you tell me to like such a .... ? → তুমি কিভাবে এমন একটা .......কে আমাকে পছন্দ করতে বলছো?

I can't approve that plan. → ঐ পরিকল্পনাকে আমি অনুমোদন করতে পারি না।

## ☆ Doubt ~ সন্দেহ

দৈনন্দিন জীবনে অনেক কিছুর ব্যাপারেই আমাদেরকে সন্দেহ পোষণ করতে এবং তা প্রকাশ করতে হয়। ইংরেজিতে এ উদ্দেশ্যে বেশ কিছু উপায়ে বাক্য গঠন করা হয়। যেমন:

I'm not sure whether it's true or false. → এটা সত্য কি মিথ্যা এ ব্যাপারে আমি নিশ্চিত নই।

Are you sure of your success? → তুমি কি তোমার সফলতার ব্যাপারে নিশ্চিত?

## ☆ Duration ~ সময়কাল

কোন কাজ কতক্ষণ ধরে ঘটল বা ঘটে বা ঘটবে বা ঘটতো তা বুঝাতে বিশেষ কিছু time expression ব্যবহার করা হয়।

Always → সর্বদা

All the time → সব সময়

All the while → সব সময়

Most of the time → অধিকাংশ সময়

From time immemorial → স্মরণাতীতকাল থেকে

Since morning → সকাল থেকে

For two hours → দু'ঘণ্টা যাবত

Time-consuming → সময়সাপেক্ষ

Durable → টেকসই

Long lasting → দীর্ঘকাল টিকে এমন

Everlasting → চিরস্থায়ী

Transient → ক্ষণস্থায়ী
Short lived → স্বল্পায়ু
Till → যতক্ষণ পর্যন্ত
Until → যতক্ষণ পর্যন্ত না
As long as → যতক্ষণ পর্যন্ত
The whole day → সারাদিন ধরে
The whole night → সারারাত ধরে
In a month → এক মাসে
By that time → সেই সময়ের মধ্যে

## ☆Encouraging - প্রেরণাদায়ক

কথোপকথনে প্রায়শই আমাদের শ্রোতাকে অনুপ্রেরণা দিতে হয়। এটি একটি স্বাভাবিক সামাজিক ক্রিয়াকাণ্ড। এই অনুপ্রেরণা কখনো কখনো সমবেদনার রূপও নিতে পারে। কিছু বিশেষ structure এবং expression-এর মাধ্যমে এই জাতীয় মনোভাব প্রকাশ করা হয়। যাদের কয়েটি নিচে দেওয়া হল:
So what? → তাতে কী হয়েছে?
But does it matter, anyway? → কিন্তু তাতে কি কিছু আসে যায়?
But it matters little. → কিন্তু তাতে তেমন কিছু আসে যায় না।
But who cares? → তাতে কি যায় আসে?
But it matters nothing. → কিন্তু, এতে কিছু যায় আসে না।

tanbircox.blogspot.com

## ☆Exclamation - বিস্ময়োক্তি; আবেগোক্তি

'বাহ! কি সুন্দর', 'উহ' ইত্যাদি যেসব word বা phrase দ্বারা মনের আবেগকে সরাসরি প্রকাশ করার চেষ্টা করা হয় সেগুলিকে বলে exclamation. Exclamation প্রকাশের কয়েকটি উপায় আছে:- একটিমাত্র word দ্বারা, একটি phrase দ্বারা, verb বিহীন বাক্য দ্বারা, what/how/so/such দ্বারা নির্মিত বাক্য দ্বারা, negative বাক্য দ্বারা এবং সঠিক বাগভঙ্গি যুক্ত যে কোন বাক্য দ্বারা। যেমন-
How foolish! → কি বোকা!
How silly! → কি বোকামি!
How ugly! → কি কুৎসিত!

## ☆Exemplifying - উদাহরণসহ ব্যাখ্যা করা

কথাবার্তায়, বক্তৃতায়, লেকচারে, লেখায় কোন বিষয়কে বিশদ ব্যাখ্যা করার জন্য অধিকাংশ সময়ে তার সপক্ষে উদাহরণ টানতে হয়। এরূপ উদাহরণের বর্ণনায় ঢুকে পড়ার সময়ে কিছু সূচক শব্দগুচ্ছ বা বাক্য দ্বারা ইঙ্গিত করা হয়। যেমন:

Such as ........
For example ........
To give an example ........
To cite (ছাইট) an example ........
Let's consider an example ........
To cite another example ........
For instance ........

## ☆Forgiving - ক্ষমা করা

সামাজিক ক্রিয়াকাণ্ডের মধ্যে এমনও ক্ষেত্র আছে যেখানে কেউ অনিচ্ছায় কারো সামান্য মনোকষ্টের কারণ হয় এবং তার জন্য বিনয়ের সাথে মৌখিকভাবে ক্ষমা চাইলে অপর ব্যক্তি ভদ্রতাবশত তা ক্ষমা করে দেয়। এই সামাজিক সৌজন্য দেখানোর ভাষা কেমন হবে? নিচে বহুল ব্যবহৃত কয়েকটি উপায় দেওয়া হলো:

I'm sorry. It's I who made the mistake first. → আমি দুঃখিত। আমিই প্রথমে ভুলটা করেছিলাম।
It's all right. You didn't do it intentionally. → আচ্ছা ঠিক আছে। আপনি তো ইচ্ছাকৃতভাবে তা করেননি।
Oh, that doesn't matter, really. → আসলে ওটা কোন ব্যাপার না।

## ☆Frequency - পৌনঃপুনিকতা

কোন কাজ কতোবার ঘটল বা ঘটে বা ঘটবে বা ঘটার কথা, তা প্রকাশ করা হয় কিছু adverb দ্বারা যাদেরকে বলে adverb of frequency. কথোপকথনে এদেরকে প্রায়ই ব্যবহার করার প্রয়োজন হয়। নিচে সবচেয়ে বেশি ব্যবহৃত হয় এমন কিছু word এবং phrase দেওয়া হলো:

once → একবার
twice → দুইবার
double → দুইগুণ
three times/thrice → তিনবার
four times → চারবার
ten times → দশবার
many times → অনেকবার
several times → কয়েকবার
often → প্রায়/প্রায়শই
frequently → বারবার

tanbircox.blogspot.com

most of the time → অধিকাংশ সময়
sometimes → মাঝে মাঝে
intermittently → ক্ষণে ক্ষণে
by turns → পর্যায়ক্রমে
over and over again → বারবার
here and there → এখানে সেখানে
off and on → মাঝে মধ্যে
always → সর্বদা
almost always → প্রায় সর্বদা
all the time → সব সময়
rarely → মাঝে মধ্যে
day and night → দিনরাত ধরে
day after day → দিনের পর দিন ধরে
month after month → মাসের পর মাস ধরে

## ☆Generalization - সাধারণীকরণ

কিছু তথ্য থেকে সংশ্লিষ্ট বিষয় সম্বন্ধে সংক্ষিপ্ত সিদ্ধান্ত দেয়াকে বলে সাধারণীকরণ। তাতে বক্তার বক্তব্য যেমন যৌক্তিকতাপূর্ণভাবে স্পষ্ট হয়ে ওঠে, তেমনি শ্রোতার জন্যও তা অনুধাবন করতে সুবিধা হয়। এরূপ ক্ষেত্রে যেসব word বা expression সচরাচর বেশি ব্যবহৃত হয়, সেগুলি নিচে দেওয়া হল:

in fact → আসলে
truly speaking → সত্য বলতে কি
to be truthful → সত্য বলতে কি
to speak the truth → সত্য বলতে কি

tanbircox.blogspot.com

## ☆Greeting - অভিবাদন

সম্ভবত যাবতীয় সামাজিক বাক্যাভ্যাসের মধ্যে অভিবাদন জানানোর ঘটনা ঘটে সর্বাধিক সংখ্যকবার। বাংলাতে সচরাচর 'স্বাগতম', 'সাদর সম্ভাষণ' ইত্যাদি শব্দ বা শব্দগুচ্ছ ব্যবহার করা হয়। কিন্তু ইংরেজিতে অভিবাদন জানানোর উপায় আরেকটু ভিন্ন। নিচে এই কাজে ব্যবহৃত সর্বাধিক প্রচলিত কিছু expression দেওয়া হলো:

Good morning/afternoon/evening/night (ভদ্রোচিত)
Hello (পরিচিত style)
Hi (ঘনিষ্ঠ style)
Happy birthday
Happy new year
Eid Mubarak (Muslim tradition)
Merry Christmas (Christian tradition)
Many many happy returns of the day.

## ☆Guessing - আন্দাজ

অপর্যাপ্ত তথ্যের ওপর ভিত্তি করে বা কোন তথ্য ছাড়াই কোন বিষয়ে কোন মন্তব্য করাকে guessing বলে। স্বাভাবিক statement থেকে অনুমানের পার্থক্য বুঝানোর জন্য অনুমানের বাক্যকে বিশেষ কায়দায় গঠন করহে কিংবা statement-এর সাথে কিছু বিশেষ expression জুড়ে দিতে হয়। যেমন:

It will rain today → আজ বৃষ্টি হবে। (নিশ্চিত)

It may rain today → আজ বৃষ্টি হতে পারে। (সম্ভাবনা)

## ☆Habit Expressing - অভ্যাস প্রকাশকরণ

নিজের অভ্যাস প্রকাশ করা এবং প্রাকৃকিত অভ্যাসবশত কিছু ঘটে এই ভাব প্রকাশ করা বাক্যের কাঠামোগত দিক থেকে অনেকখানি মিলসম্পন্ন। উভয়ক্ষেত্রেই Present Indefinite Tense ব্যবহৃত হয়। প্রথম ক্ষেত্রে কিছু বিশেষ শব্দও ব্যবহৃত হয়। যেমন:

Usually → সচরাচর

Normally → সাধারণত

Most of the time → অধিকাংশ সময়

tanbircox.blogspot.com

## ☆Hatred - ঘৃণা

ঘৃণা বা বিতৃষ্ণা প্রকাশ করার জন্য বিশেষ বাক্যের পাশাপাশি বাক্যের মধ্যে বিশষ word ব্যবহৃত হয়।

Hate+Object

I hate it. → আমি এটি ঘৃণা করি।

Hate+Verb(ing)

I hate smoking in the public place. → আমি প্রকাশ্যে ধুমপান ঘৃণা করি।

## ☆Informing - তথ্য প্রকাশ

কথাবার্তায় আমরা অনেক ধরনের মতামত কিছু expression বা phrase ব্যবহার করে আলাদাভাবে চিহ্নিত করে থাকি। নিচের উদাহরণগুলি থেকে বিষয়টি স্পষ্ট হবে।

The real thing is that → আসল ঘটনা হলো

When it really means is than → এর দ্বারা আসলে যা বুঝায় তা হলো

Now it's clear that → এখন এটা স্পষ্ট যে

As a matter of fact → প্রকৃত পক্ষে

## ☆Intensity - তীব্রতা/গভীরতা

কোন adjective বা adverb-এর অর্থের প্রাবল্যতা বা তীব্রতা প্রকাশ করার জন্য কিছু expression বা phrase ব্যবহৃত হয়। বক্তব্যে বিশেষ অভিঘাত (stress) কিংবা আবেগ (emotion) প্রদান করার উদ্দেশ্যে সেগুলিকে আমরা ব্যবহার করি।

She looks very nice indeed. → সে তো আসলে খুব সুন্দর।

The project was a total loss. → প্রকল্পটি ছিলো একটা ডাহা ক্ষতি।

They were utterly (আটার্লি) powerless. → তারা ছিলো পুরোপুরি ক্ষমতাহীন।

That's absolutely true. → তা পুরোপুরি সত্য।

He's really a genius. → সে আসলে একটা জিনিয়াস।

It was truly a gigantic creature. → ওটা ছিলো আসলে একটা বড় আকারের জীব।

## ☆Invitation - নিমন্ত্রণ

ইংরেজিতে নিমন্ত্রণ করা আর বন্ধুত্বপূর্ণ প্রস্তারব রাখা প্রায় একই জিনিস। এজন্য বেশ কয়েকটি উপায় আছে।

I invite you tonight at the dinner. And I hope you'll accept it. → আমি আপনাকে আজ রাতের ডিনারে আমন্ত্রণ জানাচ্ছি। আশাকরি আপনি তা গ্রহণ করবেন।

Would you be my guest tonight at the dinner? → আজ রাতের ডিনারে আমার অতিথি হবেন কি?

tanbircox.blogspot.com

## ☆Length/Distance - দৈর্ঘ্য/দূরত্ব

কোন কিছুর দৈর্ঘ্য এবং স্থানের দূরত্বের ধারণা আমাদের চিন্তা-চেতনার পদ্ধতির সাথেই নিবিড়ভাবে জড়িত। এরূপ ধারণা প্রকাশ করার জন্য উপযুক্ত ভাষা-দক্ষতা না থাকলে আমরা অনেকে মনোভাবই স্পষ্টভাবে প্রকাশ করতে পারতাম না। স্থান এবং কালের সাপেক্ষে দৈর্ঘ্য বলতে যা বুঝায় তাকে আমরা বিভিন্নভাবে প্রকাশ করে থাকি। যেমন:

tow meters long = having the length of two metes.

a two meter long = The stick is two meters long.

## ☆Listening Response - শ্রোতার সাড়া

কারো কথা শুনতে গিয়ে আমরা সব সময়ে সাড়া প্রদান করে থাকি। এই সাড়া প্রদানের উপায় হতে পারে মাথা নাড়ানো থেকে শুরু করে 'হ্যাঁ' 'না' 'অবশ্যই' 'তা ঠিক' 'হুম' ইত্যাদি। ইংরেজিতে এরূপ ক্ষেত্রে বিভিন্ন অর্থ বুঝানোর জন্য বিভিন্ন expression ব্যবহৃত হয়। যেমন:

Yes, right → জ্বী, আচ্ছা

I see → তাই বুঝি

Strange! → কী অদ্ভুদ!

How funny! → চমৎকার তো!

Is that so! → তাই নাকি?

So that's the case? → তাহলে ব্যাপারটা এই?

Yes, go on. → হ্যাঁ, বলতে থাকো
Exactly → একেবারে ঠিক বলেছেন
Of course, I will → অবশ্যই আমি তা করবো
That's right → ঠিক বলেছেন
That's exactly the case → ঘটনাটি ঠিক তাই
I agree → আমি এটা স্বীকার করি
What! → কী বললে তুমি!
Oh my God! → হায় আল্লাহ, তাই নাকি!

## ☆Meals ~ আহারাদি

খাবার-দাবারের ধরন এবং পর্যায় অনুসারে তা প্রকাশ করার জন্য উপযুক্ত শব্দ ব্যবহার করতে হয়। এখন আমরা সংশ্লিষ্ট বিভিন্ন ধরনের শব্দ এবং expression-এর সাথে পরিচিত হবো।

eat → খাওয়া
drink → পান করা
suck → চুষে নেওয়া
lick → লেহন করা বা চাটা
bite → কামড়ানো
swallow → গিলে ফেলা
sip → চুমুক
taste → আস্বাদন করা
chew → চিবানো
bite off → কামড়ে ছিঁড়ে নেওয়া
eat voraciously → গোগ্রাসে খাওয়া
eat like a bird → অল্প খাওয়া
throw up → বমি করা (vomit)
eat too much → অত্যধিক আহার করা
vegetarian → নিরামিষভোজী
breakfast → সকালের নাস্তা
lunch → মধ্যাহ্নভোজ বা দুপুরের খাবার
dinner → রাতের খাবার
supper → দিনের শেষ খাবার
feast → আনন্দময় ভোজ
starve → অনাহারে কাটানো
fast → রোজা রাখা
overeat → অতিভোজন করা/পরিমাণে বেশি খেয়ে ফেলা
go without food → না খেয়ে থাকা

tanbircox.blogspot.com

## ☆Means ~ উপায়

কোনো কিছু করার উপায় কিভাবে প্রকাশ করতে হয় তা জানা আবশ্যক। এরূপ প্রকাশভঙ্গি প্রধানত Preposition এবং Adverb-এর ব্যবহারের ওপর নির্ভরশীল।

By any means → যে কোন উপায়ে

By hook or by crook → যে কোন ভাবেই হোক

with a stick → একটি লাঠির সাহায্যে

## ☆Obligation ~ বাধ্য-বাধকতা

কোনে ব্যক্ত বা অব্যক্ত কারণে কেউ কোন কিছু করতে বাধ্য এই ভাব প্রকাশ করার জন্য ইংরেজিতে কয়েকটি উপায় আছে। উপায়গুলি নিম্নরূপ:

Have To + V = I have to go now.

Must + V = You must do it.

Shall + V = I shall go there.

Be To + V = I am to go to office everyday.

Be Supposed To + V = He is supposed to do the work.

Can't But + V = I can't but help him.

Can't Help + V(ing) = I can't help smoking.

tanbircox.blogspot.com

## ☆Opinion ~ মতামত

ব্যক্তিগত অভিমতকে বলায় এবং লেখায় নৈর্ব্যক্তিক (objective) তথ্য থেকে আলাদা করা হয়। এজন্য কিছু common expression-ও ব্যবহার করা হয়। নিচে বহুল ব্যবহৃত কিছু expression দেওয়া হল:

I think → আমি ভাবছি

I think so → আমার তো তাই মনে হয়

I don't think so → আমার তো তেমন মনে হয় না

I think so, too. → আমারও তাই মনে হয়

## ☆Opposition ~ বিরোধিতা

কোন ব্যক্তির বা যুক্তির বিরোধিকা করতে হলে কয়েকটি উপায়ে তা ঘোষণা করা যায়। যেমন:

I have an objection. → আমার একটা আপত্তি আছে।

But I'm afraid I oppose that view. → কিন্তু আমি দুঃখিত যে আমি ঐ দৃষ্টিভঙ্গির বিরোধিতা করছি।

But I'm afraid I can't agree. → কিন্তু আমি যে একমত হতে পারছি না।

## ☆Pause ~ বিরতি

কথাবার্তার মধ্যে কোন কিছু মনে না পড়ার কারণে বা সঙ্গত কারণে বলতে দেরি হওয়ার কারণে আমরা থেমে থাকি। কিন্তু সচরাচর কথার মধ্যে চুপ করে থেমে থাকা মানুষের অভ্যাস নয়। এ কারণে অনেকে কথার এরূপ শূন্যস্থানকে বিভিন্ন অর্থহীন ধ্বনি দ্বরা পূরণ করে থাকে।

er......... (আ.......)

mm........ (ম্ ম্ .....)

## ☆Permission ~ অনুমতি

কাউকে কোন কিছু করতে অনুমতি দিতে বা করো কাছ থেকে অনুমতি চাইতে হলে may এবং can ব্যবহার করা হয়।

Can I use your pen?

Yes, you can.

May I speak to you for a minute?

Yes, you may.

## ☆Counting ~ গণনা করা

দৈনন্দিন জীবনে এমন একটি পর্যায়ও নেই যাতে কোন কিছু গণনা বা পরিমাপ করার প্রয়োজন হয় না। এসব কাজের জন্য ইংরেজিতে বিচিত্র উপায় রয়েছে। এরূপ যাবতীয় উপায় পুরোপুরি আয়ত্তে রাখা উচিত। নিচে এগুলো আলোচনা করা হলো।

One = First = 1st

Two + Second = 2nd

Three = Third = 3rd

Four = Fourth = 4th

Five = Fifth = 5th

Six = Sixth = 6th

Seven = Seventh = 7th

Eight = Eighth = 8th

Nine = Ninth = 9th

Ten = Tenth = 10th

.............................

.............................

.............................

tanbircox.blogspot.com

# English Conversation Rules

## Rule- 1

বাংলা ভাষায় যে সব কাক্যে ক্রিয়া থাকে না, সে সব বাক্য ইংরেজি করার সময় am/is/are ব্যবহার করতে হয়। এগুলো মূলত বাক্যের main verb হিসেবে ব্যবহৃত হয়।

আমি একজন বালক → I am a boy.

পৃথিবী গোলাকার → The earth is round.

তারা সাহসী → They are brave.

## Rule- 2

বাংলা প্রশ্নবোধক বাক্যে ক্রিয়া না থাকলে ঐ বাক্যের ইংরেজি করার সময় বাক্যটি am/is/are দিয়ে শুরু করতে হবে এবং বাক্যের শেষে প্রশ্নবোধক (?) চিহ্ন দিতে হবে।

আমি কি একজন ছাত্র? → Am I a student?

পৃথিবী কি গোলাকার? → Is the earth round?

তারা কি সাহসী? → Are they brave?

tanbircox.blogspot.com

## Rule- 3

বাংলা বাক্যে নই/নও/নয় কথা থাকলে তার ইংরেজি করার সময় am/is/are-এর পরে not ব্যবহার করতে হয়।

আমি মিথ্যাবাদী নই। → I am not a liar.

ধনীরা সব সময় সুখি নয়। → The rich are not always happy.

## Rule- 4

বাংলা ক্রিয়াহীন বাক্যে যদি কোন অবস্থা অতীতকাল হতে বর্তমান কাল পর্যন্ত বিস্তৃত বুঝায়, তাহলে ইংরেজি করার সময় have been/has been বসে।

সে দুই দিন যাবত অসুস্থ। → He has been ill for two days.

তারা রোববার হতে অনুপস্থিত। → They have been absent since Sunday last.

দু'ঘণ্টা যাবত প্রবল বৃষ্টি হচ্ছে। → It has been raining heavily for two hours.

*Note: Singular Subject-এর পরে 'has' এবং Plural Subject-এর পরে 'have' বসে।*

## Rule- 5

অতীতকাল হতে বর্তমান কাল পর্যন্ত ঐ ক্রিয়াহীন বাক্যগুলোকে যদি প্রশ্নবোধক হয়, তাহলে ইংরেজি করার সময় বাক্যের মধ্যে অবস্থিত has/have শব্দগুলো বাক্যের প্রথমে বসিয়ে দিতে হয় এবং বাক্যের শেষে প্রশ্নবোধক (?) চিহ্ন দিতে হয়।

সে কি দুই দিন যাবত অসুস্থ? → Has he been ill for two days?

তারা কি রোববার হতে অনুপস্থিত? → Have they been absent since Sunday last?

## Rule- 6

অতীতকাল হতে বর্তমান কাল পর্যন্ত বিস্তৃত ঐ ক্রিয়াহীন বাংলা বাক্যগুলো যদি 'না বোধক' হয়, তাহলে ইংরেজি করার সময় Have not been/Has not been বসে।

তারা তিন মাস যাবত অসুস্থ নয়। → They have not been ill for three months.

সকাল হতে বৃষ্টি হচ্ছে না। → It has not been raining since morning.

## Rule- 7

বাংলা ভাষায় সংখ্যাবাচক Noun-এর পূর্বে একক সংখ্যা (একটি, একখানা, একজন ইত্যাদি) ব্যবহার করলেও চলে, না করলেও চলে। কিন্তু ইংরেজিতে A/An অবশ্যই ব্যবহার করতে হয়।

ঢাকা (একটি) পুরাতন শহর। → Dhaka is an old city.

সে (একজন) ভালো ছেলে। --- He is a good boy.

## Rule- 8

ইংরেজি ভাষায় Adjective (Noun-এর দোষ-গুণ-অবস্থা)-এর পূর্বে A/An বসে না। কিন্তু Adjective-এর পরে Noun থাকলে একবচন বুঝাবার জন্য A/An বসে।

সে সুন্দরী। → She is beautiful.

সে সুন্দরী বালিকা। → She is a beautiful girl.

এটা খুব শক্ত। → It is very hard.

একা খুব শক্ত কাজ। → It is a very hard work.

## Rule- 9

ইংরেজি ভাষায় Adjective-এর পূর্বে The ব্যবহার করলে সেটা Noun হয়ে যায় এবং বহুবচন বুঝায়।

অন্ধরা দেখতে পায় না। → The blind can not see.

জ্ঞানীরা বেশি কথা বলে না। → The wise do not talk more.

## Rule- 10

জাতি বুঝাতে Singular Common Noun-এর পূর্বে The বসে।

The cat. The rose. The cow. The Bangladesh

*Note: Man অর্থে মানব জাতি এবং Woman অর্থে নারী জাতি বুঝালেও তার পূর্বে কোন Article (A/An/The) বসে না।*

tanbircox.blogspot.com

# Rule- 11

ব্যক্তি বা বস্তু যা আগে বলা হয়েছে, তা নির্দেশ করার জন্য The বসে।

I have read a book. → - The book is interesting.

# Rule- 12

শ্রেণী বা সম্প্রদায় বুঝাতে The বসে।

The rich are not always happy.

# Rule- 13

নদী, সাগর, উপসাগর, মহাসাগর, দ্বীপপুঞ্জ, পর্বতশ্রেণী এবং জাহাজের নামের পূর্ব The বসে।

The Padma, The Bay of Bengal. The Indian Ocean.

# Rule- 14

ধর্মগ্রন্থ বা পত্রিকা, বিমান, রেল প্রভৃতির নামের পূর্বে The বসে।

The Holy Quran. The Ittefaq.

# Rule- 15

সূর্য, চাঁদ, তারা, পৃথিবী, উত্তর, দক্ষিণ, পূর্ব, পশ্চিম ইত্যাদির পূর্বে The বসে।

The earth. The moon, The sun. The east. The west.

# Rule- 16

Adjective-এর Comparative এবং Superlative Degree-এর পূর্বে The বসে।

The earlier, The better, The best boy.

# Rule- 17

বর্ণনামূলক ও অর্থপূর্ণ দেশ বা স্থান, প্রসিদ্ধ প্রতিষ্ঠান, প্রাসাদ, ঐতিহাসিক ঘটনা বা বস্তুর নামের পূর্বে The বসে।

The Sundarbans, The USA. The Tajmahal, The High Court.

# Rule- 18

তারিখ ও ক্রমিক সংখ্যার পূর্বে The বসে।

Reza is the first boy in the class, He will come on the 15th February.

tanbircox.blogspot.com

## Rule- 19

কতোগুলো রোগের নামের পূর্বে The বসে।

The cancer.

## Rule- 20

যে সকল Noun দ্বারা বৃত্তি বা পেশা বুঝায় তাদের পূর্বে The বসে।

He joined the Bar.

## Rule- 21

কোন কিছুর বিশেষ কোন অংশকে বুঝাতে Adjective-এর পূর্বে The বসে।

He likes the part of an egg.

## Rule- 22

Noun-এর পূর্বে All/Both/Half প্রভৃতি থাকে, তবে তাদের পরে এবং Noun-এর পূর্বে The বসে।

He spent all the money.

He ate half the bread.

tanbircox.blogspot.com

## Rule- 23

কারো কিছু আছে বুঝালে 'আছে' ক্রিয়ার ইংরেজি Have/Has বসে। এটি মূলত বাক্যে main verb হিসেবে ব্যবহৃত হয় এবং এর পরে অবশ্যই Noun বসে।

আমার একটি কলম আছে। → I have a pen.

গরুর দুইটি শিং আছে। → The cow has two horns.

## Rule- 24

কারো কিছু আছে কি বুঝালে 'আছে কি' কথার ইংরেজি দুইভাবে করা যায়।

তার ছাতা আছে কি? → Has he an umbrella?/Does he have an umbrella?

তোমার কি একটি বই আছে? → Have you a book?/Do you have a book?

## Rule- 25

কারো কিছু নাই বুঝালে 'নাই' কথার ইংরেজি দুইভাবে করা যায়।

আমার বই নাই। → I have no book./I don't have any book.

তার কোন অহংকার নেই। → She has no pride./She does not have any pride.

*Note: 3rd person singular number হলে verb-এর শেষে s/es যোগ হয়।*

## Rule- 26

নির্দিষ্ট কোন ব্যক্তি বা বস্তু বা প্রাণী কোথাও আছে বুঝালে 'আছে' ক্রিয়ার ইংরেজি Am/Is/Are বসে।

সে বাড়িতে আছে। → He is in the house.

তারা বিপদে আছে। → They are in danger.

## Rule- 27

নির্দিষ্ট কোন ব্যক্তি বা বস্তু বা প্রাণী আছে কি বুঝালে 'আছে কি' কথার ইংরেজি করতে বাক্যের ঐ Am/Is/Are বাক্যের প্রথমে বসে এবং বাক্যের শেষে প্রশ্নবোধক (?) চিহ্ন দেওয়া হয়।

সে বাড়িতে আছে কি? → Is he in the house?

তারা বিপদে আছে কি? → Are they in danger?

## Rule- 28

কোন নির্দিষ্ট ব্যক্তি বা বস্তু বা প্রাণী আছে বুঝালে 'আছে' কথার ইংরেজি There is/There are হয়।

মাঠে দু'টি গরু আছে। → There are two cows in the field.

পঞ্চগড়ে একটি জাদুঘর আছে। → There is a museum in Panchagarh.

tanbircox.blogspot.com

## Rule- 29

অনির্দিষ্ট কেহ বা কিছু 'আছে কি' বুঝালে তার ইংরেজি করার সময় Is/Are শব্দগুলো There-এর আগে বসে এবং বাক্যের শেষে প্রশ্নবোধক চিহ্ন দিতে হয়।

এই গ্রামে কোন আইনজীবি আছে কি? → Is there any lawyer in this village?

তোমার পকেটে তিনটি কমল আছে কি? → Are there three pens in your pocket?

*Note: কোন অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু নাই বুঝালে 'নাই' কথার ইংরেজি There is no বসে। যেমন: আমাদের গ্রামে কোন ডাক্তার নাই। → There is no doctor in our village.*

## Rule- 30

অতীত সময় হতে কেউ কোথাও আছে বুঝালে 'আছে' ক্রিয়ার ইংরেজি Have been/Has been বসে।

আমি গত রোববার হতে এখানে আছি। → I have been here since Sunday last.

স্নেহা দুই ঘণ্টা যাবত স্কুলে আছে। → Sneha has been in the school for two hours.

## Rule- 31

অতীত সময় হতে কেউ কোথাও আছে কিনা প্রশ্ন করলে 'কি আছে' ক্রিয়ার ইংরেজি করতে হলে have/has বাক্যের প্রথমে বসে এবং বাক্যের শেষে প্রশ্নবোধক (?) চিহ্ন দিতে হয়।

তুমি কি এক মাস যাবত ঢাকায় আছো? → Have you been in Dhaka for one month?

সে কি দশটা হতে তোমার বাড়িতে আছে? → Has he been in your house since 10 a.m.?

## Rule- 32

অতীত সময় হতে কেউ কোথাও নাই বুঝালে 'নাই' কথার ইংরেজি Have not bee/Has not been বসে।
সে তিন দিন যাবত ঘরে নাই। → He has not been in the house for three days.
ছাত্ররা বিকেল ৫টা হতে কলেজে নাই। → The students have not been in the college since 5 p.m.

## Rule- 33

'ইয়ে' বা 'এ' যুক্ত ক্রিয়ার পর 'আছে' কথা থাকলে ইংরেজি করার সময় Subject-এর পরে am/is/are বসে এবং verb-এর পরে ing যুক্ত হয়।
গাছের ডালে পাখি বসে আছে। → A bird is sitting on the branch of the tree.
রাস্তায় বালকটি দাঁড়িয়ে আছে। → The boy is standing on the road.

## Rule- 34

প্রশ্নবোধক বাক্যে 'ইয়ে', 'ইয়া' বা 'এ' যুক্ত ক্রিয়ার পর 'আছে' কথা থাকলে ইংরেজি করার সময় বাক্যের মধ্যস্থ am/is/are আগে বসে এবং বাক্যের শেষে প্রশ্নবোধক (?) চিহ্ন বসে।

সে কি ঘরে লুকিয়ে আছে? → Is he hiding in the room?

তারা কি চেয়ারে বসে আছে? → Are they sitting on the chair?

## Rule- 35

'ইয়ে' বা 'এ' যুক্ত ক্রিয়ার পরে 'নাই' কথা থাকলে তার ইংরেজি করার জন্য subject-এর পরে am not/is not/ are not বসে এবং verb-এর সাথে ing যুক্ত হয়।
ইঁদুরটি গর্তে লুকিয়ে নাই। → The rat is not hiding in the hole.
ছেলেটি উঠানে দাঁড়িয়ে নাই। → The boy is not standing in the yard.

## Rule- 36

'Is' এর অতীতরূপ হল 'Was' এবং 'Are' এর অতীতরূপ হল 'Were' আর Have ও Has এর অতীতরূপ হল Had. কারো কিছু ছিলো বুঝালে 'ছিলো' ক্রিয়ার ইংরেজি Had বসে।
আমার একটি বই ছিলো। → I had a book.
ইংরেজিতে তার ভাল জ্ঞান ছিলো। → He had good knowledge in English.

## Rule- 37

কারো কিছু ছিলো কি বুঝালে 'ছিলো কি' কথার ইংরেজি করতে বাক্যের মাঝখানের Had আগে আনতে হবে।

ঢাকায় তার কোন বাড়ি ছিলো কি? → Had he a/any house in Dhaka?

মহিলাটির কোন অহংকার ছিলো কি? → Had the any pride?

## Rule- 38

tanbircox.blogspot.com

কারো কিছু ছিলো না বুঝালে 'ছিলো না' কথার ইংরেজি করতে Had not/Had no বসে।
তাদের একটিও সন্তান ছিলো না। → They had not a single child./ They had no child.
তার কোন বন্ধু ছিলো না। → He had not a single friend./He had no friend.

## Rule- 39

কোন নির্দিষ্ট ব্যক্তি বা বস্তু ছিল বুঝালে 'ছিল' কথার ইংরেজি was/were বসে।
আমি সেখানে উপস্থিত ছিলাম। → I was present there.
কাজটি তোমর জন্য কঠিন ছিল। → The work was tough for you.

## Rule- 40

কোন নির্দিষ্ট ব্যক্তি বা বস্তু 'ছিল কি' বুঝালে তার ইংরেজি করার সময় বাক্যের মধ্যস্থ was/were প্রথমে বসে।
তুমি কি অসুস্থ ছিলে? → Were you ill?
করিম কি স্কুলে ছিল? → Was Karim in the school?

## Rule- 41

কোন নির্দিষ্ট ব্যক্তি বা বস্তু 'ছিল না' বুঝালে তার ইংরেজি was not/were not বসে।
গরুগুলো মাঠে ছিল না। → The cows were not in the field.
সে নিয়মানুবর্তী ছিল না। → He was not punctual.

tanbircox.blogspot.com

## Rule- 42

কোন অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু 'ছিল' বুঝালে তার ইংরেজি There was/There were বসে।
এই গ্রামে দু'জন অন্ধ ছিল। → There were two blind men in this village.
বনে একটি বাঘ ছিল। → There was a tiger in the forest.

## Rule- 43

কোন অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু 'ছিল কি' বুঝালে তার ইংরেজি করার জন্য বাক্যের মধ্যস্থ was/were আগে বসে।
এখানে কি একটি দোকান ছিলো? → Was there a shop here?
এই পুকুরে মাছ ছিলো কি? → Was there any fish in this pond?

## Rule- 44

কোন অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু 'ছিল না' বুঝালে তার ইংরেজি There was not/There were not বসে।
এই শহরে ভিক্ষুক ছিল না। → There was no beggar in this town.
স্কুলে একজন শিক্ষকও ছিল না। → There was not a single teacher in the school.

## Rule- 45

'ইয়ে', 'ইয়া' বা 'এ' যুক্ত ক্রিয়ার পর 'ছিল' বা 'ছিলাম' কথা থাকলে তার ইংরেজি করার জন্য was/were-সহ verb-এর সঙ্গে ing যোগ হয়।

আমি সেখানে গিয়েছিলাম। → - I was going there.

মহিলাটি তার ব্যাগ খোঁজ করতেছিল। → The woman was looking for her bag.

## Rule- 46

'ইয়ে', 'ইয়া' বা 'এ' যুক্ত ক্রিয়ার পর 'ছিল কি' থাকলে তার ইংরেজি করার জন্য বাক্য মধ্যস্থ was/were আগে বসে এবং verb-এর সাথে ing যোগ হয়।

তার কি জঙ্গলে (লুকিয়ে) ছিল? → Were they hiding in the jungle?

সে কি রাস্তায় দাঁড়িয়ে ছিল? → Was he standing in the road?

## Rule- 47

'ইয়ে' (ইয়া) বা 'এ' যুক্ত ক্রিয়ার পর 'ছিল না' থাকলে তার ইংরেজি was not/were not বসে।

তারা ঘরে শুয়ে ছিল না। → They were not lying in the house.

আমি মাঠে খেলা করছিলাম না। → I was not playing in the field.

## Rule- 48

অতীতে কেহ কোথাও কিছু সময় ছিল বুঝালে তার ইংরেজি had been বসে।

সে আমেরিকায় দুই মাস ছিল। → He had been in America for two months.

আমি মাত্র তিন ঘণ্টা অফিসে ছিলাম। → I had been in the office for three hours only.

## Rule- 49

বাংলা বাক্যের ক্রিয়ার পর 'কথা ছিল' তার ইংরেজি করতে হলে supposed to অর্থাৎ (supposed to + verb) বসে।

আমার চট্টগ্রাম যাবার কথা ছিল। → I was supposed to go to Chittagong.

তাদের আজ খেলার কথা ছিল। → They were supposed to play today.

*Note: To-এর পর verb-এর present form হয়।*

## Rule- 50

বাংলা বাক্যে কাজের সম্ভাবনা বুঝাতে ইংরেজি could অর্থাৎ (could + verb simple) বসে।

তুমি দিনে আসতে পারতে। → You could come at day.

tanbircox.blogspot.com

তুমি বইটি কিনতে পারতে। → You could buy the book.

## Rule- 51

Sentence-এর প্রথমে IF, Had, Oh that ইত্যাদি ব্যবহার করে Exclamatory Sentence গঠন করা হয়।

If I were a bird!

Had I two wings!

Oh that, I could die!

## Rule- 52

কোন কাজ অতীতে শুরু হয়ে এখনো চলছে বুঝালে তার ইংরেজি করার জন্য Have been/Has been বসে এবং verb ing যোগ হয়।

আমি তিন বছর যাবত এই স্কুলে পড়ছি। → I have been reading in this school for three years.

সকাল হইতে প্রবল বৃষ্টি হচ্ছে। → It has been raining heavily since morning.

## Rule- 53

যে ঘটনাটি অতীতকালে কিছু সময় ধরে ঘটেছিল প্রকাশ করে, অর্থাৎ ক্রিয়ার সঙ্গে 'ইতেছিল' বা 'ইতেছিলাম' বা 'ইতেছিলেন' যুক্ত থাকলে তার ইংরেজি করার জন্য was/were হয় এবং verb-এর শেষে ing যোগ হয়।

আমরা পাখি শিকার করছিলাম (করিতেছিলাম)। → We were hunting bird.

সুমা স্কুলে যাচ্ছিল। → Suma was going to school.

## Rule- 54

বাংলা বাক্যে ক্রিয়ার সঙ্গে এ-ছে (ইয়াছি, ইয়াছি) যুক্ত থাকলে তার ইংরেজি করার জন্য have/has এবং verb-এর past participle রূপ বসবে।

আমি একটি বই কিনেছি। → I have bought a book.

তোমার বাবা এটা করেছে। → Your father has done this.

## Rule- 55

অতীতকাল বুঝালে এ-ছিল (ইয়েছিল, ইয়াছিলাম) যুক্ত ক্রিয়ার ইংরেজি করার জন্য verb-এর past tense বসে।

আমি তাকে রাতে দেখেছিলাম। → I saw him at night.

সে গত বছর বইটি কিনেছিল। → He bought the book last year.

## Rule- 56

বর্তমানকালে প্রশ্নবোধক বাক্যে এ-ছে (ইয়াছে), এ-ছি (ইয়াছি) যুক্ত ইংরেজি ক্রিয়ার ইংরেজি করার জন্য have/has এবং verb-এর past participle বসে।

সে কি কাজটি শেষ করেছে? → Has he completed the work?

তুমি কি অংকটি করেছ? → Have you done the sum?

## Rule- 57

অতীতকালে প্রশ্নবোধক বাক্যে ইয়াছিল, ইয়াছিলাম যুক্ত ক্রিয়ার ইংরেজি করার সময় did বসে।

তুমি কি গতকাল এসেছিলে? → Did you come yesterday?

সে কি গতমাসে কাজটি শেষ করেছিল? → Did he complete the work last month?

## Rule- 58

বর্তমানকাল বুঝালে ক্রিয়ার সঙ্গে 'নি' (নাই) কথার ইংরেজি করার জন্য have not/has not এবং verb-এর past participle হয়।

আমি তোমাকে আজ দেখিনি। → I have not seen you today.

সে আমাকে কলমটা দেয় নি। → He has not given me the pen.

## Rule- 59

অতীতকাল বুঝালে ক্রিয়ার সঙ্গে 'নি' (নাই) কথার ইংরেজি করার জন্য did not বসে।

আমি তোমাকে গতকাল দেখিনি। → I did not see you.

রহমান মাঠে যায়নি। → Rahman did not go to the field.

## Rule- 60

বাংলা বাক্যে যে ক্রিয়ার সঙ্গে এ-ছিল (ইয়াছিল), 'ল' (ইল) 'ত' (ইত) যুক্ত থাকলে তার ইংরেজি করার জন্য verb-এর past tense বসে।

সে দিনের বেলায় এসেছিলো। → He came during the day.

সে আমাকে খুব ভালোবাসতো। → She loved me very much.

## Rule- 61

'এ-ছিল' (ইয়াছিল) 'ল' (ইল) 'ত' (ইত) যুক্ত ক্রিয়ার সঙ্গে 'কি' প্রশ্ন থাকলে তার ইংরেজি করার সময় প্রথমে Did বসে।

তুমি কি গল্পটি জানতে? → Did you know the story?

রহিম কি সেখানে গিয়েছিল? → Did Rahim go there?

## Rule- 62

বাংলা বাক্যে যে ক্রিয়ার সঙ্গে 'নি' (নাই) 'তা-না' (ইত না) 'ল-না' (এল না) যুক্ত থাকলে তার ইংরেজি din not হয়।

আমরা শব্দটি শুনিনি। → We did not hear the sound.

tanbircox.blogspot.com

বালকটি নিয়মিত স্কুলে যেত না। → They boy did not go to school regularly.

## Rule- 63

ব/বে যুক্ত ক্রিয়ার ইংরেজি করার জন্য shall/will ব্যবহার করতে হয়।

আমি পড়ব। → I shall read.

তুমি খেলবে। → You will play.

## Rule- 64

ব/বে যুক্ত ক্রিয়ার সঙ্গে 'কি' প্রশ্ন থাকলে ইংরেজি করার জন্য shall/will প্রথমে বসবে।

তুমি কি ঢাকা যাবে? → Will you go to Dhaka?

সে কি সাঁতার কাটবে? → Will he swim?

## Rule- 65

ব/বে যুক্ত ক্রিয়ার সঙ্গে 'না' কথা থাকলে তার ইংরেজি করার সময় shall not/will not বসবে।

আমি আজ স্কুলে যাব না। → I shall not go to school today.

সে আজ খেলবে না। → He will not play today.

## Rule- 66

ব/বে যুক্ত ক্রিয়ার অর্থ 'জোড়ালো' হলে shall/will-এর বদলে must বসবে।

আমি যাবই। → I must go.

তুমি অবশ্যই আসবে। → You must come.

## Rule- 67

বাংলায় ক্রিয়ার শেষে 'অ', 'ও' বা 'ই' ধ্বনি থাকলে তার ইংরেজি করার জন্য শুধু verb বসে।

সে উপন্যাস পড়ে। → He reads novel.

আমরা রাতে বিশ্রাম লই। → We take rest at night.

## Rule- 68

কর্তা বহুবচন হলে এবং মূল ক্রিয়ার শেষে 'এ' বা 'আয়' ধ্বনি থাকলে ঐ ক্রিয়ার ইংরেজি করার জন্য শুধু simple verb ব্যবহার করা হয়।

পাখিরা আকাশে উড়ে। → Birds fly in the sky.

এই ঘরে দুইজন লোক বাস করে। → Two men live in this room.

tanbircox.blogspot.com

## Rule- 69

কর্তা একবচন হলে এবং ক্রিয়ার শেষে 'এ' বা 'আয়' ধ্বনি থাকলে ঐ ক্রিয়ার ইংরেজি করার জন্য s/es যুক্ত verb ব্যবহার করতে হয়।

মিথ্যাবাদীকে সবাই ঘৃণা করে। → Everybody hates a liar.

লোকটি শীতে কষ্ট পায়। → The man suffers from cold.

## Rule- 70

'ই', 'অ' বা 'ও' ধ্বনি যুক্ত ক্রিয়ার সঙ্গে 'কি' কথা থাকলে এর ইংরেজি করার সময় প্রথমে Do বসে।

তুমি কি আমায় ভালোবাস? → Do you love me?

তোমারা কি ইংরেজি শিখতে চাও? → Do you want to learn English?

## Rule- 71

'এ' বা 'আয়' ধ্বনি যুক্ত ক্রিয়ার সঙ্গে 'কি' কথা থাকলে এর ইংরেজি করার সময় প্রথমে Do/Does বসে।

কুকুরটি কি তোমার বাড়ি পাহারা দেয়? → Does the dog guard your house?

লোকটি কি নিয়মিত অফিসে যায়? → Does the man go to office regularly?

## Rule- 72

'ই', 'অ' বা 'ও' ধ্বনি যুক্ত ক্রিয়ার সঙ্গে 'না' কথা থাকলে তার ইংরেজি do not বসে।

আমি মিথ্যা বলি না। → I don not tell a lie.

আমি সেখানে যাই না। → I do not go there.

## Rule- 73

'এ' বা 'আয়' ধ্বনি যুক্ত ক্রিয়ার সঙ্গে 'না' কথা থাকলে তার ইংরেজি করার সময় do not/does not বসে।

সে এখানে আসে না। → He does not come here.

তারা স্বাস্থ্যবিধি মেনে চলে না। → They do not obey the rules of health.

*Note: কর্তা একবচন হলে does not এবং বহুবচন হলে do not ব্যবহার করতে হয়। Does not-এর পর verb-এর s/es সংঙ্গে যুক্ত হবে না।*

## Rule- 74

বাক্যে 'হয়' বা 'যায়' কথা থাকলে তার ইংরেজি করার জন্য am/is/are এবং verb-এর past participle form হয়।

সুন্দরবনে বাঘ দেখা যায়। → Tigers are seen in the Sundarbans.

পানি নানা কাজে ব্যবহার করা হয়। → Water is used in various works.

tanbircox.blogspot.com

## Rule- 75

ক্রিয়ার পর 'হয় কি' থাকলে ইংরেজি করার সময় am/is/are প্রথমে বসে এবং verb-এর past participle form হয়।

তোমাদের ক্লাসে কি ইংরেজি পড়ানো হয়? → Is English taught in your class?

এই কামরাটি প্রত্যহ ধোয়া হয় কি? → Is this room washed everyday?

## Rule- 76

বাংলা বাক্যে বিশেষণ (adjective - noun-এর দোষ, গুণ, অবস্থা) এর পর 'হয়' কথা থাকলে 'হয়' ক্রিয়ার ইংরেজি করার জন্য get/grow/become বসে।

বৃষ্টির পর আকাশ পরিষ্কার হয়। → The sky becomes clear after the rainfall.

বৃদ্ধরা কঠোর পরিশ্রমে ক্লান্ত হয়ে পড়ে। → Old men grow tired by hard work.

## Rule- 77

'যদি' বা 'যখন' কথার পর 'হওয়া' (হও, হই, হয়) ক্রিয়ার ইংরেজি am/is/are বসে।

তুমি যদি ভিক্ষুক হও, সবাই তোমাকে ঘৃণা করবে। → If you are a beggar, everybody will hate you.

তুমি যদি অলস হও তবে ব্যর্থ হবে। → If you are lazy, you will fail.

## Rule- 78

আদেশ, উপদেশ, অনুরোধ সূচক বাক্যে 'হওয়া' ক্রিয়ার ইংরেজি be ব্যবহার করা হয়।

দয়া করে শান্ত হও। → Please be quiet.

নিষ্ঠুর হইওনা। → Don't be cruel.

## Rule- 79

দেখার সাহায্যে কোন অবস্থার পরিবর্তনের কথা বলা হলে 'দেখাচ্ছে' কথার ইংরেজি look হবে।

তোমকে মোটা দেখাচ্ছে। → You look fatty.

তাকে বিষণ্ন দেখাচ্ছে। → He looks gloomy.

## Rule- 80

অনুমানের সাহায্যে 'মনে হওয়া' বুঝালে seem হবে।

তাকে চালাক মনে হচ্ছে। → He seems clever.

তাকে ক্লান্ত বলে মনে হচ্ছে। → He seems to be tired.

tanbircox.blogspot.com

## Rule- 81

অনুভূতির মাধ্যমে 'মনে হচ্ছে' বুঝালে feel হবে।

ঘরটি গরম মনে হচ্ছে। → The room feels warm.

বিছানাটা আরামদায়ক মনে হচ্ছে। → The bed feels comfortable.

## Rule- 82

কোন একটি বক্তব্যের পূর্বে বা পরে 'মনে হয়' কথার ইংরেজি I think বসতে পারে।

আজ বৃষ্টি হবে বলে মনে হয়। → I think it will rain today.

মনে হয় লোকটি বেঁচে নেই। → I think the man is not alive.

## Rule- 83

ক্রিয়ার পর হয়েছে (হইয়াছে) বা এ-ছে কথা থাকলে তার ইংরেজি করার জন্য have been/has been বসে এবং verb-এর past participle হয়।

দরখাস্তটি জমা দেওয়া হয়েছে। → The application has been submitted.

চিঠিটি পোস্ট করা হয়েছে। → The letter has been posted.

tanbircox.blogspot.com

## Rule- 84

অতীতকাল বুঝালে ক্রিয়ার পর হয়েছে (হইয়াছে) কথার ইংরেজি was/were বসে এবং verb-এর past participle হয়।

বাড়িটি জানুয়ারি মাসে নির্মাণ করা হয়েছে। → This house was built in January.

বইগুলো অনেকদিন আগে কেনা হয়েছে। → The books were bought a long time ago.

## Rule- 85

বর্তমানকাল বুঝালে ক্রিয়ার 'হয়েছে কি' কথার ইংরেজি করার সময় have/has বাক্যের প্রথমে বসে এবং verb-এর past participle হয়।

কামরাটি পরিষ্কার করা হয়েছে কি? → Has the room been cleaned?

চিঠিগুলো পোস্ট অফিসে পাঠানো হয়েছে কি? → Have the letters been sent to the post office?

## Rule- 86

অতীতকালে ক্রিয়ার পর 'হয়েছে কি' কথার ইংরেজি করার সময় was/were বাক্যের প্রথমে বসে এবং verb-এর past participle হয়।

গতকাল বইগুলো কেনা হয়েছে কি? → Were the books bought yesterday?

গতকাল চোরটিকে ধরা হয়েছে কি? → Was the thief caught yesterday?

## Rule- 87

বর্তমানকালে ক্রিয়ার পর 'হয়নি' (হয় নাই) কথার ইংরেজি করার সময় has not been/have not been বসে এবং verb-এর past participle হয়।

তাকে বইটা দেয়া হয় নাই। → He has not been given the book.

তাকে খবরটি দেয়া হয় নাই। → He has not been given the news.

## Rule- 88

অতীতকালে 'হয়নি' (হয় নাই) বুঝালে was not been/were not been বসে এবং verb-এর past participle হয়।

কাজগুলো গতকাল শেষ হয় নাই। → The works were not been completed yesterday.

গরুটা গতকাল বিক্রি হয় নাই। → The cow was not been sold yesterday.

## Rule- 89

বাংলা বাক্যে Adjective (বিশেষণ)-এর পর 'হয়েছে' কথার ইংরেজি have/has এবং সঙ্গে got/grown/become বসে।

লোকটি পাগল হয়েছে। → The man has become mad.

সে আরও সুন্দরী হয়েছে। → She has become more beautiful.

tanbircox.blogspot.com

## Rule- 90

কোন একটি অবস্থা অতীতকাল হতে বর্তমানকাল পর্যন্ত বিস্তৃত বুঝালে 'হয়েছে' যুক্ত ক্রিয়ার ইংরেজি had been/have been হয়।

গত রোববার হতে আকাশ মেঘলা হয়েছে। → The sky has been cloudy since Sunday last.

সে অনেকদিন যাবত অসুস্থ হয়েছে। → He has been ill for a long time.

## Rule- 91

বাংলা ক্রিয়ার পর 'হয়েছিল/হল/হত/যেত' থাকলে তার ইংরেজি করার সময় was/were বসে এবং verb-এর past participle হয়।

বালটিকে ঢাকা পাঠানো হল। → The boy was sent to Dhaka.

করিমকে পুরস্কার দেয়া হয়েছিল। → Karim was given a prize.

## Rule- 92

ক্রিয়ার পর 'হয়েছিল কি/হল কি/হত কি/যেত কি' থাকলে তার ইংরেজি করার সময় was/were বসে এবং verb-এর past participle হয়।

তোমাকে ডাকা হয়েছিল কি? → Were you called in?

এই বনে বাঘ দেখা যেত কি? → Were tigers seen in this jungle?

## Rule- 93

ক্রিয়ার পর 'হয়নি/যায়নি/হল না/হত না' থাকলে তার ইংরেজি করার জন্য were not/was not বসে এবং verb-এর past participle হয়।

বইটি পাওয়া যায় নি। → The book was not found.

লোকগুলোকে সাহায্য করা হত না। → The people were not helped.

## Rule- 94

বাংলা বাক্যের বিশেষণ (adjective)-এর পর 'হল' ক্রিয়ার became/grew/got ইংরেজি বসে।

বালকটি অন্ধ হল। → The boy became blind.

সে রাগান্বিত হল। → He got angry.

## Rule- 95

বাংলা বাক্যের ক্রিয়ার পর 'হচ্ছে/যাচ্ছে' থাকলে তার ইংরেজি am being/is being/are being বসে এবং verb-এর past participle হয়।

তাকে মাঠে দেখা যাচ্ছে। → He is being seen in the field.

ঘরটি মেরামত করা হচ্ছে। → The house is being repaired.

tanbircox.blogspot.com

## Rule- 96

'আদেশ করা, অনুরোধ করা, উপদেশ দেয়া' ইত্যাদি ক্রিয়ার পর 'হচ্ছে/যাচ্ছে' থাকলে তর ইংরেজি am/is/are বসে এবং verb-এর past participle হয়।

কাজে যোগদানের জন্য তোমাকে নির্দেশ দেয়া হল। → You are directed to join in your duty.

মিথ্যা কথা বলার জন্য তোমাকে নিষেধ করা হচ্ছে। → You are forbidden to tell a lie.

## Rule- 97

বাংলা বাক্যে Adjective (বিশেষণ)-এর পর 'হচ্ছে' থাকলে তার ইংরেজি am/is/are এবং getting/growing বসে।

গাছটি লম্বা হচ্ছে। → The tree is growing tall.

সে অসুস্থ হচ্ছে। → He is getting sick.

## Rule- 98

বাংলা বাক্যে ক্রিযার পর 'হচ্ছিল' থাকলে তার ইংরেজি করার জন্য was being/were being বসে এবং verb-এর past participle হয়।

লোকটিকে উপহাস করা হচ্ছিল। → The man was being laughed at.

সানজিদাকে ডাকঘরে পাঠানো হচ্ছিল। → Sunjida was being sent to the post office.

## Rule- 99

বাংলা বাক্যের Adjective (বিশেষণ)-এর পর 'হচ্ছিল' থাকলে তার ইংরেজি করার জন্য was/were বসে এবং তার সঙ্গে getting/growing হয়।

জায়গাটা আরো গরম হচ্ছিল। → The place was growing hot.

গরিবরা আরও গরিব হচ্ছি। → The poor were getting poorer.

## Rule- 100

ক্রিয়ার পর 'হব/হবে' থাকলে তার ইংরেজি করার জন্য shall be/will be বসে এবং verb-এর past participle হয়।

বালকটিকে শাস্তি দেওয়া হবে। --- The boy will be punished.

তোমাকে ভাল শিক্ষা দেয়া হবে। → You will be given a good lesson.

## Rule- 101

কোন নির্দিষ্ট ব্যক্তি বা বস্তু 'কিছু হবে' বুঝালে তার ইংরেজি shall be/will be হয়।

আমি শিক্ষক হব। → I shall be a teacher.

রহিম ডাক্তার হবে। → Rahim will be a doctor.

## Rule- 102

কোন অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু 'কিছু হবে' বুঝালে তার ইংরেজি There shall be/There will be হবে।

স্কুল প্রাঙ্গণে জনসভা হবে। → There will be a public meeting in the school yard.

এ বছর বন্যা হবে না। → There will be no flood in this year.

## Rule- 103

কোন কাজের ফলে কোন অবস্থার পরিবর্তনের কথা বলা হলে 'হবে' ক্রিয়ার ইংরেজি shall/will হয় এবং তার সঙ্গে become বসে।

নিয়মিত পড়লে সফল হবে। → If you read regularly, you will become successful.

যদি তুমি নড়, তবে মারা যাবে। → If you move, you will die.

## Rule- 104

কোন কাজের ফলে মানসিক অবস্থার পরিবর্তন হলে 'হবে' ক্রিয়ার ইংরেজি করার জন্য shall be/will be বসে।

তুমি আসলে আমি খুশি হব। → I shall be glad if you come.

ফরিদাকে বিয়ে করলে তুমি সুখী হবে। → You will be happy if you marry Farida.

## Rule- 105

tanbircox.blogspot.com

ক্রিয়ার সঙ্গে 'তে হয়' যুক্ত থাকলে তার ইংরেজি করার জন্য have to/has to বসে।
আমাকে রোজ একটা ওষুধ কিনতে হয়। → I have to buy a medicine everyday.
জেলেকে কি মাছ ধরতে হয়? (প্রশ্নবোধক) → Does the fisherman have to catch fish?

## Rule- 106

ক্রিয়ার শেষে 'তে হল/তে হয়েছিল' যুক্ত থাকলে তার ইংরেজি had to বসে।
আমাকে ঢাকা যেতে হয়েছিল। → I had to go to Dhaka.
তাকে পদত্যাগ করতে হয়েছিল। → He had to resign his post.

## Rule- 107

কর্তা না থাকলে 'তে হয়েছিল' যুক্ত ক্রিয়ার ইংরেজি করার জন্য had to be বসে এবং verb-এর past participle হয়।
স্বাধীনতা যুদ্ধে অনেক জীবন উৎসর্গ করতে হয়েছিল। → Many lives had to be sacrificed during the war of independence.
একটা নতুন বাড়ি কিনতে হয়েছিল। → A new house had to be bought.
প্রশ্নবোধক: Had a new house to be bought?
না-বোধক: A new house had not to be bought.

## Rule- 108

ক্রিয়ার পরে 'তে হবে' যুক্ত থাকলে তার ইংরেজি করার জন্য shall have to/will have to বসে।
আমাকে চট্টগ্রাম যেতে হবে। → I shall have to go to Chittagong.
তোমাকে একটি ছবি আঁকতে হবে। → You will have to draw a picture.

## Rule- 109

Subject (কর্তা) না থাকলে 'তে হবে' যুক্ত ক্রিয়ার ইংরেজি করার জন্য shall have to be/will have to be বসে এবং verb-এর past participle হয়।
কাজটি তাড়াতাড়ি শেষ করতে হবে। → The work will have to be completed.
বাড়িটি বিক্রি করতে হবে। → The house will have to be sold.

## Rule- 110

'তে হবে' যুক্ত ক্রিয়া জোড়ালো করা হলে must have to বসে।
তাকে কাজটা করতেই হবে। → He must have to do the work.
আমাকে কথা রাখতেই হবে। → I must have to keep my word.

tanbircox.blogspot.com

## Rule- 111

Subject (কর্তা) না থাকলে 'তে হবে' ক্রিয়াকে জোরালো করা হলে must have to be বসে এবং verb-এর past participle হয়।

সন্ত্রাস নিয়ন্ত্রণ করতেই হবে। → Terrorism must have to be controlled.

আইনের শাসন প্রতিষ্ঠা করতেই হবে। → The rule of law must have to be established.

## Rule- 112

ক্রিয়ার শেষে 'তে থাকবে' যুক্ত থাকলে তার ইংরেজি করার জন্য shall be/will be বসে এবং verb-এর সাথে ing যোগ হয়।

আমরা দৌঁড়াতে থাকবো। → We shall be running.

সাবিনা অপেক্ষা করতে থাকবে। → Sabina will be waiting.

## Rule- 113

ক্রিয়ার শেষে 'এ থাকব' (য়া থাকবো) 'এ থাকবে' (য়া থাকিবে) যুক্ত থাকলে তার ইংরেজি করার জন্য shall have/will have বসে এবং verb-এর past participle রূপ হয়। অবশ্যই কথাটা থাকলে shall have/will have-এর পরিবর্তে must have হবে।

তোমরা গল্পটা শুনে থাকবে। → You will have heard the story.

তুমি লোকটিকে অবশ্যই দেখে থাকবে। → You must have seen the man.

tanbircox.blogspot.com

## Rule- 114

বাংলা বাক্যে ক্রিয়ার সঙ্গে 'তে' থাকলে তার ইংরেজি to হবে।

সে আমাকে দেখতে এসেছিল। → He came to see me.

মা আমাকে মিথ্যা কথা বলতে নিষেধ করেছিল। → Mother forbade me to tell a lie.

## Rule- 115

Preposition 'of'-এর পরে verb-এর সাথে ing যোগ করতে হয়।

I am afraid of working.

He is fond of playing cricket.

## Rule- 116

See, hear, find, watch ইত্যাদি verb-এর পর কোন verb ব্যবহার করার প্রয়োজন হলে শুধু simple verb ব্যবহার করতে হয়।

আমি বালকটিকে স্কুলে যেতে দেখলাম। → I saw the boy to go to school.

আমি তাকে জোরে কথা বলতে শুনলাম। → I heard him to talk loudly.

## Rule- 117

Verb-এর কাজ কিভাবে সম্পন্ন হয় বুঝাবার জন্য যদি অপর একটি verb ব্যবহার করা হয়, তাহলে সে verb-এর সাথে ing যুক্ত করতে হয়।

করিম এখানে দৌঁড়ে আসলো। → Karim came hear running.

মেয়েটি নাচতে নাচতে চলে গেল। → The girl went away dancing.

## Rule- 118

Know, teach, show ইত্যাদি verb-এর পর কোন verb ব্যবহার করার প্রয়োজন হলে how to + verb simple বসে।

আমি তাকে পড়া শিখিয়েছি। → I have taught him how to read.

সে সাঁতার কাটতে জানে না। → Se does not know how to swim.

## Rule- 119

Let, help ইত্যাদি verb-এর পর কোন verb ব্যবহার করতে হলে শুধু simple verb ব্যবহার করতে হবে।

তাকে যেতে দাও। → Let him go.

তাকে ঘুমাতে দাও। → Let him sleep.

## Rule- 120

Active form-এ ব্যবহার করা হলে used to-এর পর simple verb বসে। কিন্তু passive form-এ ব্যবহার করা হলে তার পর verb-এর ing form ব্যবহার করতে হয়।

He used to walk in the morning. (Active)

He was used to walking in the morning. (Passive)

Rana used to play for an hour in every morning. (Active)

Rana was used to playing an hour in every morning. (Passive)

## Rule- 121

Finish, enjoy, practice, avoid, admit, appreciate, can't, don't mind ইত্যাদির পর অন্য কোন verb ব্যবহার করা প্রয়োজন হলে ing form বসে।

আমি বইটি পড়া শেষ করেছি। → I have finished reading the book.

আমি দুপুরে সাঁতার কাটতে ভালোবসি। → I enjoy swimming at noon.

## Rule- 122

tanbircox.blogspot.com

বাংলায় যেমন ক্রিয়ার সঙ্গে 'এ' (ইয়া) যুক্ত হয়, তেমনি ইংরেজিতে verb-এর সঙ্গে ing যুক্ত হয়। যেমন: খেয়ে (খাইয়া) Eat-ing, শুনে (শুনিয়া) Hear-ing ইত্যাদি।

আমাকে দেখে সে পালিয়ে গেল। --- Seeing me he ran away.

ঘরে ঢুকে আমি তাকে পড়তে দেখলাম। → Entering the room I found him reading.

## Rule- 123

কোন কাজের ফলে কোন অবস্থার পরিবর্তনের কথা বলা হলে 'এ' (ইয়া) যুক্ত ক্রিয়ার ইংরেজি করতে হলে বাক্যের প্রথমে By ব্যবহার করতে হয় এবং 'হওয়া' ক্রিয়ার ইংরেজি become হয়।

অধিক আহার করে সে অসুস্থ হয়েছে। → By eating much he has become ill.

## Rule- 124

কোন কাজের ফলে মানসিক অবস্থার পরিবর্তনের কথা বলা হলে 'এ' (ইয়ে) যুক্ত ক্রিয়ার ইংরেজি করতে হলে verb-এর ing form হবে এবং 'হওয়া' ক্রিয়ার ইংরেজি become হবে।

জাপানে গিয়ে তারা সুখী হল না। → Going to Japan they could not become happy.

তোমাকে দেখে আমি খুশি হয়েছি। → Seeing you I have become glad.

## Rule- 125

দেখার ফলে, শোনার ফলে, জানার ফলে, পাওয়ার ফলে কোন মানসিক অবস্থার পরিবর্তনের কথা বলা হলে 'এ' যুক্ত ক্রিয়ার ইংরেজি করার জন্য to + verb simple বসে এবং 'হওয়া' ক্রিয়ার ইংরেজি am/is/are/was/were হয়।

খবর শুনে তিনি রাগান্বিত হলেন। → He was angry to hear the news.

তোমার চিঠি পেয়ে তোমার মা খুশি হয়েছেন। → Your mother is glad to receive your letter.

tanbircox.blogspot.com

## Rule- 126

একটি কাজের সাহায্যে আরেকটি কাজের কথা বলা হলে 'এ' (ইয়া) যুক্ত ক্রিয়ার ইংরেজি by ব্যবহার করতে হয়।

সত্য কথা বলে আমরা জীবনে সুখী হতে পারি। → We can be happy in life by speaking truth.

কঠোরভাবে পড়ে আমরা ভাল ফলাফল করতে পারি। → We can do good result by reading hard.

## Rule- 127

Shall এবং Will-এর Past tense-এ would ব্যবহার হয়।

সে বলল যে সে তাড়াতাড়ি আসবে। → He said that he would come soon.

তুমি না আসলে আমি যাব না। → If you did no come I would not go.

# Rule- 128

অবাস্তব ইচ্ছা প্রকাশ করার জন্য would that ব্যবহার করতে হয়।
আমি যদি পাখি হতাম। → Would that I were a bird.
সূর্য যদি পশ্চিম দিকে উঠতো। → Would that the sun rose in the west.

# Rule- 129

অনুরোধ ও বিনয় একই সঙ্গে প্রকাশ করার জন্য would you please বা would you mind ব্যবহার করতে হয়।
আমার একটি কলম দরকার যদি কিছু মনে না করেন তাহলে দয়া করে আপনার কলমটি আমাকে ধার দেন। → Would you please lend me your pen/Would you mind lending me your pen.
জানালাটি খোলা দরকার যদি কিছু মনে না করেন তাহলে দয়া করে জানালাটি খুলে দেন। → Would you please open the window/Would you mind opening the window.

# Rule- 130

বিনয় ও প্রার্থনা একই সঙ্গে প্রকাশ করার জন্য Beg to বা Would like to ব্যবহার করা হয়ে থাকে।
বিনীত প্রার্থনা এই যে, আমার বোনের বিয়ে উপলক্ষ্যে আমি আগামীকাল স্কুলে উপস্থিত থাকতে পারবো না। → Beg to state that I shall not be able to attend school tomorrow on account of my sister's marriage ceremony.
or
I would like to state that I shall not be able to attend school tomorrow on account of my sister's marriage ceremony.

tanbircox.blogspot.com

# Rule- 131

বাংলা বাক্যে ক্রিয়ার পর 'উচিত' কথা থাকলে ইংরেজি should বা ought to বা it is ....... duty to বসে।
আমাদের ভোরে ওঠা উচিত। → We should get up early in the morning./We ought to get up early in the morning./ It is our duty to get up early in the morning.

# Rule- 132

যে বাক্যে কর্তা (subject) থাকে না, সে বাক্যে 'উচিত' ইংরেজি করার জন্য should be বসে এবং verb-এর past participle হয়।
শিশুটির যত্ন নেওয়া উচিত। → The baby should be taken care of.
অন্ধকে উপহাস করা উচিত নয়। → The blind should not be laughed at.

# Rule- 133

কারো কিছু 'হওয়া উচিত' বুঝালে 'হওয়া উচিত' ক্রিয়ার ইংরেজি should be বসে।

তোমার ডাক্তার হওয়া উচিত। → You should be a doctor.
তোমার সাবধান হওয়া উচিত। → You should be careful.

## Rule- 134

কারো কিছু 'হওয়া উচিত ছিল' বুঝালে 'হওয়া উচিত ছিল' ক্রিয়ার ইংরেজি should have been বসে।
তোমার চালাক হওয়া উচিত ছিল। → You should have been clever.
তাহার শিক্ষক হওয়া উচিত ছিল। → You should have been a teacher.

## Rule- 135

কোন ব্যক্তির 'কোথাও থাকা উচিত' কিংবা কোন অবস্থার 'হওয়া উচিত' কথার ইংরেজি should stay/should remain/should live হয়।
তোমার এখানে থাকা উচিত। → You should stay here.
স্কুল বন্ধ থাকা উচিত। → The school should remain closed.

## Rule- 136

কারো কিছু 'থাকা উচিত' বুঝালে 'থাকা উচিত' ক্রিয়ার ইংরেজি should have হয়।
তোমার দুইটি কলম থাকা উচিত। → You should have two pen.
তোমার কিছু অলঙ্কার থাকা উচিত। → You should have some ornaments.

## Rule- 137

কোন অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তুর 'কোথাও থাকা উচিত' বুঝালে 'থাকা উচিত' কথার ইংরেজি There should be হয়।
এই গ্রামে একটি স্কুল থাকা উচিত। → There should be a school in this village.
প্রত্যেক গ্রামে একজন ভাল ডাক্তার থাকা উচিত। → There should be a qualified doctor in every village.

## Rule- 138

ক্রিয়ার পর 'উচিত ছিল' কথার ইংরেজি should be এবং verb-এর past participle হবে।
আমার ঢাকা যাওয়া উচিত ছিল। → I should have gone to to Dhaka.
বইটি পড়া তোমার উচিত ছিল। → You should have read the book.

## Rule- 139

'উচিত ছিল' কথার ইংরেজি should have been বসে এবং verb-এর past participle হয়।

tanbircox.blogspot.com

তাকে শাস্তি দেয়া উচিত ছিল। → He should have been punished.
লোকটিকে একটা টাকা দেওয়া উচিত ছিল। → The man should have been given a taka.

## Rule- 140

কোন নির্দিষ্ট ব্যক্তি বা বস্তু কোথাও 'থাকা উচিত ছিল' বুঝালে তার ইংরেজি There should have been হবে।
এই স্কুলে পাঁচজন শিক্ষক থাকা উচিত ছিল। → There should have been five teachers in this school.
এই বনে কিছু হরিণ থাকা উচিত ছিল। → There should have been some deer in this forest.

## Rule- 141

একটি কাজের ভয়ে আরেকটি কাজ করা বুঝালে Lest.......should বসে।
ফেল করার ভয়ে সে বেশি পরিশ্রম করেছিল। → He worked hard lest he should fail.

## Rule- 142

কোন কাজের সম্ভাবনা বুঝালে 'পারে' কথার ইংরেজি may বসে।
সে আজ আসতে পারে। → He may come today.
তিনি আজ গল্পটি বলতে পারেন। → He may tell the story today.

## Rule- 143

কোন কাজের অনুমতি চাওয়া বুঝালে may প্রথমে বসে।
আমি কি বইটি পড়তে পারি? → May I read the book?
আমি তোমাকে সাহায্য করতে পারি? → May I help you?

## Rule- 144

কোন কাজের অনুমতি দেয়া বুঝালে may বসে।
তুমি এখন যেতে পার। → You may go now.
তুমি বইটি নিতে পার। → You may take the book.

## Rule- 145

কোন ব্যক্তি বা বস্তু কিছু হতে পারে বুঝালে 'হতে পারে' কথার ইংরেজি may be হয়।
সে একজন ভাল গায়ক হতে পারে। → He may be a good singer.
কলমটি দামি হতে পারে। → The pen may be costly.

## Rule- 146

tanbircox.blogspot.com

কোথাও কিছু হতে পারে বা ঘটতে পারে এইরূপ সম্ভাবনা বুঝালে 'হতে পারে' কথার ইংরেজি There may be হবে।

পথে বিপদ হতে পারে। → There may be danger on the way.

আজ কোন ক্লাস নাও হতে পারে। → There may be no class today.

## Rule- 147

কোন অনির্দিষ্ট ব্যক্তি বা বস্তু কোথাও থাকতে পারে এরূপ সম্ভাবনা বুঝালে 'থাকতে পারে' কথার ইংরেজি There may be হবে।

টেবিলের ওপর একটি কলম থাকতে পারে। → There may be a pen on the table.

এই বনে নানা পাখি থাকতে পারে। → There may be different kinds of birds in this forest.

## Rule- 148

কোন নির্দিষ্ট ব্যক্তি বা বস্তু কোথাও থাকার সম্ভাবনা বুঝালে বাক্যটি I think দিয়ে শুরু করতে হবে।

গরুটি মাঠে থাকতে পারে। → I think the cow is in the field.

কলমটি টেবিলে থাকতে পারে। → I think the pen is on the table.

## Rule- 149

কারো কিছু থাকতে পারে এইরূপ সম্ভাবনা বুঝালে 'থাকতে পারে' কথার ইংরেজি may have হবে।

লোকটির অনেক টাকা থাকতে পারে। → The man may have a lot of money.

ঢাকায় তার একটি বাড়ি থাকতে পারে। → He may have a house in Dhaka.

## Rule- 150

ক্রিয়ার পর 'যেতে পারে' কথার ইংরেজি may be বসে এবং verb-এর past participle হয়।

আজ চাঁদ দেখা যেতে পারে। → The moon may be seen today.

লোকটিকে শাস্তি দেয়া যেতে পারে। → The man may be punished.

## Rule- 151

ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্যে may বসে।

তুমি দীর্ঘজীবি হও। → May you live long.

জীবনে তোমার উন্নতি হোক। → May you prosper in life.

## Rule- 152

ক্রিয়ার পর 'থাকতে পারে' কথার ইংরেজি করার জন্য may have বসে এবং verb-এর past participle হয়।

সে তোমাকে দেখে থাকতে পারে। → He may have seen you.

tanbircox.blogspot.com

সে কাজটি করে থাকতে পারে। → He may have done the work.

## Rule- 153

মূল বাক্যটি 'হ্যাঁ-বোধক' হলে Tag 'না-বোধক' প্রশ্ন হয়

এটা তোমার কলম, তাই না? → It is your pen, isn't it?

সে তোমর ঘনিষ্ঠ বন্ধু ছিল, তাই না? → He was your close friend, wasn't he?

## Rule- 154

মূল বাক্যটি 'না-বোধক' হলে Tag 'হ্যাঁ-বোধক' প্রশ্ন হয়।

অন্ধরা দেখতে পায় না, পায় কি? → The blind can not see, can they?

সে তোমাকে ভালোবাসে না, বাসে কি? → She does not love you, does she?

## Rule- 155

'কি' (কী) প্রশ্নের উত্তর যদি 'হ্যাঁ' বা 'না' দ্বারা দেয়া না যায় তাহলে 'কি' প্রশ্নের ইংরেজি What ব্যবহার করতে হবে।

তুমি কী করছো? → What are you doing?

গ্রীন হাইজ বলতে কী বুঝ? → What do you understand by green house?

tanbircox.blogspot.com

## Rule- 156

'কী' প্রশ্নবোধক বাক্যে Subject না থাকলে What-কে Subject হিসেবে ব্যবহার করা যায়। এক্ষেত্রে Verb-এর Interrogative form ব্যবহার হবে না।

কী হয়েছিল তোমার? → What happened to you?

কী তোমাকে বিরক্ত করে? → What disturbs you?

## Rule- 157

কে, কারা, কে-কে ইত্যাদি দিয়ে গঠিত বাক্যের ইংরেজি করার জন্য Who ব্যবহার করতে হয়। Who-এর পরে Verb-এর Interrogative form ব্যবহার করা হয় না।

কে তোমাকে পড়ায়? → Who teaches you?

কারা আসছে? → Who are come?

## Rule- 158

ইংরেজিতে Which দ্বারা প্রশ্নবোধক বাক্য গঠন করার সময় Subject থাকলে verb-এর Interrogative form বসবে। আর Subject না থাকলে Interrogative form হবে না।

কোন কলমটি ভাল লেখে? → Which pen writes well?

কোন বইট আজ কিনেছ? → Which book have you bought today?

তুমি কোন্ টুপিটা চাও? → Which cap do you want?

## Rule- 159

Why (কেন), How (কেমন, কিভাবে), When (কখন), Where (কোথায়), Whom (কাকে), Whose (কার) ইত্যাদি দিয়ে প্রশ্নবোধক বাক্য গঠন করার সময় Verb-এর Interrogative form অবশ্যই ব্যবহার করতে হবে।

তিনি কেন সেখানে গিয়েছিলেন? → Why did he go there?

তুমি কিভাবে তাকে চেন? → How do you know him?

## Rule- 160

ইংরেজি বাক্য গঠন করার সময় সাধারণত singular subject-এর সঙ্গে singular verb এবং plural subject-এর সঙ্গে plural verb বসে।

সে এখানে উপস্থিত ছিল। → He was present here.

রুমা ও সুমা বাজারে যায়। → Ruma and Suma go to market.

তারা এখানে উপস্থিত ছিল। → They were present here.

## Rule- 161

First, Second and Third person-কে conjunction দ্বারা যুক্ত করার সময় প্রথমে Second person তারপর Third person এবং সর্বশেষে First person লিখতে হবে।

You and I are friends.

You and he are old.

You, he and I have done this work.

tanbircox.blogspot.com

## Rule- 162

Not.........but দ্বারা দু'টি Noun/Pronoun-কে যুক্ত করা হলে পরবর্তী Noun/Pronoun অনুযায়ী verb ব্যবহার করতে হবে।

Not he but his sons are guilty.

Not the brothers but their sister done this.

## Rule- 163

Of দ্বারা একাধিক Noun/Pronoun-কে যুক্ত করা হলে পূর্ববর্তী Noun/Pronoun অনুযায়ী verb ব্যবহার করতে হবে।

The study of English and Economics is not easy.

The legs of this chair are not new.

## Rule- 164

একটি Singular subject ও একটি Plural subject-কে কোন Conjunction দ্বারা যুক্ত করার সময় Plural subject-টি শেষে লিখতে হবে এবং Plural verb ব্যবহার করতে হবে।

He and his brothers are guilty.

Karim or his sisters are liar.

## Rule- 165

And..........not দিয়ে দু'টি Noun/Pronoun-কে যুক্ত করা হলে পূর্ববর্তী Noun/Pronoun অনুযায়ী verb বসে।

He and not his sons has done this.

The teachers and not their students are responsible for this.

## Rule- 166

কর্তার (subject) পরে যদি 'ই' থাকে অর্থাৎ আমিই তুমিই প্রভৃতি বুঝায় তবে subject অনুযায়ী to be verb বসবে।

I am the person who have done this.

You are the man who are responsible for this.

tanbircox.blogspot.com

## Rule- 167

And দ্বারা যুক্ত একাধিক সংখ্যা বা একাধিক জিনিসের সমষ্টি যদি িএকটি সংখ্যা বা একটি জিনিসকে বুঝায়, তাকে Singular subject হিসেবে ব্যবহার করতে হবে।

Five and three makes eight.

Bread and butter is my daily food.

## Rule- 168

Relative Pronoun-এর পূর্ববর্তী Noun/Pronoun অনুযায়ী verb ব্যবহার করতে হয়।

It is he who has come first.

It is you who have come late.

## Rule- 169

The red and the blue বলতে দুই রং বুঝায়; কিন্তু The red and blue বলতে একটি রং বুঝায়।

The green and the black book <u>have</u> been found under the table.

কিন্তু, The green and black book <u>has</u> been found under the table.

## Rule- 170

Noun-এর পূর্বে Many a ব্যবহার করা হলে Singular subject ধরতে হবে এবং Singular verb ব্যবহার করতে হবে।

Many a student goes to school without preparing their lesson.

## Rule- 171

Noun-এর পূর্ব Each, Every, No ইত্যাদি ব্যবহার করা হলে তাকে Singular subject হিসেবে ধরতে হবে এবং Singular verb ব্যবহার করতে হবে।

Each boy and each girl is present here.

## Rule- 172

As well as, Along with, Together with ইত্যাদি দ্বারা একাধিক Noun/Pronoun যুক্ত করা হলে পরবর্তী Noun/Pronoun অনুযায়ী verb ব্যবহার করতে হবে।

You as well as your brothers were absent yesterday.

He together with his friends are playing in the field.

tanbircox.blogspot.com

## Rule- 173

Phrase, Clause, Gerund, Infinitive ইত্যাদি Subject হিসেবে ব্যবহার করতে হলে Singular verb ব্যবহার করতে হয়।

The sum and substance of the story is this.

Walking is a good exercise.

## Rule- 174

ইংরেজি ভাষায় past participle-এর সঙ্গে preposition-এ noun যুক্ত করে phrase গঠন করা হয়ে থাকে। এ ধরনের phrase-কে past participle phrase বলে।

Made in Japan

Written by Nazrul.

## Rule- 175

ব্যক্তির সঙ্গে 'ই' যুক্ত থাকলে তার ইংরেজি করার জন্য It is ……… who ব্যবহার করতে হয়।

আমিই প্রথম তোমাকে দেখেছি। → It is I who have seen you first.

তুমিই এ কাজটি করেছো। → It is you who have done this work.

# Rule- 176

বস্তু, প্রাণী বা স্থানের সঙ্গে 'ই' যুক্ত থাকলে তার ইংরেজি করার জন্য It is ......... which বসে।
কক্সবাজারই বাংলাদেশের একমাত্র সমুদ্র সৈকত। → It is Cox's Bazar which is the only sea-beach of Bangladesh.
অধিক জনসংখ্যােই আমাদের জাতীয় সমস্যা। → It is over population which is our main national problem.

# Rule- 177

এই কথার পরে 'ই' যুক্ত noun-এর ইংরেজি করার জন্য This is/are the ....... who/which বসে।
এই বাড়িটিই আমি কিনতে চাই। → This is the house which I want to buy.
এই বালকগুলোই মাঠে খেলেছিল। → These are the boys who were playing in the field.

# Rule- 178

'যেখানে.........সেখানে' দ্বারা গঠিত বাক্যের ইংরেজি করার সময় 'যেখানে' কথার ইংরেজি The place where বসবে এবং 'সেখানে' কথা উহ্য রাখতে হবে। তবে বাক্যের দ্বিতীয় অংশ প্রথমে লিখতে হবে।
তুমি যেখানে যাবে আমি সেখানে যাব না। → I shall not got the place where you will go.
যেখানে শান্তি সেখানে সবাই যেতে চায়। → Everybody wants to go to the place where there is peace.

# Rule- 179

'যে' যুক্ত স্থানের শেষে 'এ/তে' যুক্ত থাকলে 'যে' কথার ইংরেজি where ব্যবহার করতে হবে।
সে যে বাড়িতে বাস করে সেটি নোংরা। → The house where he lives is very nasty.
তুমি যে দেশে যাবে আমি সে দেশে যাব না। → I shall not go to the country where you will go.

# Rule- 180

'যেখানে' কথা দ্বারা দু'টি বাক্য যুক্ত হলে তার ইংরেজি করার সময় where ব্যবহার করতে হয়।
বাংলাদেশে এমন কোন গ্রাম নেই, যেখানে কোন স্কুল নেই। → In Bangladesh there is no village where there is no school.
আমি গ্রামে গিয়েছিলাম, যেখানে আমার পিতাকে দেখেছিলাম। → I went to village where I saw my father.

# Rule- 181

স্থানের নামের শেষে 'এই/তেই' যুক্ত থাকলে তার ইংরেজি করার সময় It is ........ where ব্যবহার করতে হয়।
সে বাংলাদেশেই থাকবে। → It is Bangladesh where he will live.
এই ঢাকাতেই তিনটি বিশ্ববিদ্যালয়। → It is Dhaka where there are three universities.

tanbircox.blogspot.com

## Rule- 182

এই কথার পর 'এই/তেই' যুক্ত স্থানের নাম থাকলে তার ইংরেজি This is the ...... where হবে।
এই দেশেই আমি জন্মেছি। → This is the country where I was born.
এই শহরেই পাঁচটি কলেজ আছে। → This is the city where there are five colleges.

## Rule- 183

সময়ের নামের সাথে 'এই' যুক্ত থাকলে তার ইংরেজি করার জন্য It is ......... when ব্যবহার করতে হবে।
সে এই রাতেই আসবে। → It is the night when he will come.

## Rule- 184

এই কথার পরে 'ই' যুক্ত Noun ইংরেজি করার জন্য This is/are the ............. who/which বসে।
এই বাড়িটিই আমি কিনতে চাই। → This is the house which I want to buy.
এই বালকগুলোই মাঠে খেলছিল। → These are the boys who are playing in the field.

## Rule- 185

'র' যুক্ত ব্যক্তির পূর্বে 'যে' কথা থাকলে 'যে' কথার ইংরেজি whose বা who ব্যবহার করতে হবে।
যে মহিলার দু'টি বাড়ি আছে। → The lady who has two houses.
যে লোকটির এক চোখ অন্ধ ছিল। → The man whose one eye was blind.

## Rule- 186

বস্তু, প্রাণী বা স্থানের নামের পূর্বে 'যে' কথার ইংরেজি which বসবে।
যে বিড়ালটি........ → The cat which.........
যে মাঠটি .......... → The field which............

## Rule- 187

'র' যুক্ত বস্তু বা প্রাণীর পূর্বে 'যে' কথার ইংরেজি which বা of which বসবে।
যে গাছের পাতা নেই। → The tree which has no leaf.
যে গাছের পাতাগুলো লম্বা। → The tree of which the leaves are long.

## Rule- 188

'যে' যুক্ত ব্যক্তি, বস্তু বা প্রাণীর Subject + verb থাকলে whom/which-এর ব্যবহার উহ্য রাখা যায়।

tanbircox.blogspot.com

যে বইটা তুমি পড়নি। → The book which you did not read.

যে লোকটিকে আমি ঢাকা পাঠিয়েছিলাম। → The man whom I sent to Dhaka.

## Rule- 189

বাংলা ভাষায় যে, যে উহা, যারা-তারা ইত্যাদি ব্যবহার করে বাক্য গঠন করা হয়ে থাকে। এরূপ বাক্য ইংরেজি করার সময় সে, ইহা, তারা, তাকে ইত্যাদি কথাগুলো উহ্য রাখতে হবে।

যে লোকটি এখানে এসেছিল সে আমার বন্ধু। → The man who came here is my friend.

## Rule- 190

যে তাকে, যে উহা, যাকে, যে তার ইত্যাদি ব্যবহার করে বাক্য গঠন করা হলে এবং বাক্যের দ্বিতীয় অংশে কর্তা থাকলে ইংরেজি করার সময় দ্বিতীয় অংশটি প্রথম লিখতে হয় এবং তাকে, তার, উহা ইত্যাদি কথাগুলো উহ্য রাখতে হবে।

যে লোকটি এখানে এসেছিল, আমি তাকে চিনি। → I know the man, who came here.

তুমি যাকে চেনো না, তাকে আমি চিনি। → I know the person whom you do not know.

## Rule- 191

যে বাক্যে 'যা ........... তা' কথা থাকে, সেই বাক্যের ইংরেজি করার সময় 'তা' কথা উহ্য রাখতে হবে। 'যা' কথার ইংরেজি what ব্যবহার করতে হবে।

সে যা লিখছে তা ভুল। → What he has written is wrong.

তুমি যা বল, তা সত্যি নয়। → What you say is not true.

## Rule- 192

'যা ....... তা' দ্বারা গঠিত বাক্যে দ্বিতীয় অংশে কর্তা থাকলে ঐ অংশটি প্রথমে লিখতে হবে।

তুমি যা চাও, তা তুমি পাবে না। → You will not get what you want.

সে আমাকে যা দিয়েছিল, তা আমি গ্রহণ করি নি। → I did not accept what he give me.

## Rule- 193

কারো কোন ক্ষতি বা ধ্বংস হবার জন্য অভিশাপ দেয়া বুঝালে Woe to ব্যবহার করে Exclamatory Sentence গঠন করা হয়ে থাকে।

Woe to the liars!

Woe to the cruel people!

## Rule- 194

Imperative Sentence-এর বেলায় What clause-টি পরে ব্যবহার করতে হয়।

আকবর সম্বন্ধে যা জান লেখ। → Write what you know about Akbar.

tanbircox.blogspot.com

যা করতে চাও কর। → Do what you want to do.

## Rule- 195

প্রশ্নবোধক বাক্যে প্রশ্নবোধক অংশটি প্রথমে লিখতে হয়। প্রশ্নবোধক বাক্যে Subject থাকলে 'তা' কথাটি উহ্য রাখতে হয়। আর Subject না থাকলে 'তা' কথাটি Subject হিসেবে ব্যবহার করতে হয়।

সে যা বলেছে, তুমি কি তা শুনেছ? → Have you heard what he has said?

সে যা বলে তা কি সত্য? → Is it true what he says?

## Rule- 196

বর্তমানকালে যে ক্রিয়ার সঙ্গে পূর্বে কথা থাকলে, সে ক্রিয়ার ইংরেজি করার জন্য verb-এর present tense ব্যবহার করতে হয়।

আমি স্কুলে যাবার পূর্বে সে এখানে আসে। → He comes here before I go to school.

আমি ঘুমাবার পূর্বে মা এক গ্লাস দুধ দেন। → Mothers gives me a glass of milk before I go to sleep.

## Rule- 197

অতীতকালে যে ক্রিয়ার সঙ্গে পূর্বে কথা থাকলে, সে ক্রিয়ার ইংরেজি করার জন্য verb-এর past tense ব্যবহার করতে হয়। এবং 'এ ছিল' (ইয়েছিল) যুক্ত ক্রিয়ার ইংরেজি করার জন্য had বসে এবং verb-এর past participle ব্যবহার করতে হয়।

সাদিয়া আসার পূর্বে সাজিদ এসেছিল। → Sadia had come before Sajid came.

সে স্টেশনে পৌঁছার পূর্বে ট্রেন চলে গেল। → The train had left before he reached the station.

tanbircox.blogspot.com

## Rule- 198

ভবিষ্যতকালে যে ক্রিয়ার সঙ্গে পূর্বে কথা থাকে, সে ক্রিয়ার ইংরেজি করার জন্য verb-এর present tense ব্যবহার করতে হয়।

লিজা আসবার পূর্বে নজরুল আসবে → Nazrul will come before Liza comes.

আমি চট্টগ্রাম যাবার পূর্বে ঢাকা যাব। → I shall go to Dhaka before I go to Chittagong.

## Rule- 199

বর্তমানকালে যে ক্রিয়ার সঙ্গে 'পর' কথা থাকে, সে ক্রিয়ার ইংরেজি করার জন্য have/has বসে এবং সঙ্গে verb-এর past participle form ব্যবহার করতে হয়।

সে ভাত খাবার পর এক কাপ চা খায়। → He takes a cup of tea after he has eaten rice.

খেলা শেষ করার পর আমরা বাড়ি ফিরি। → We return home after we have finished our game.

## Rule- 200

অতীতকালে যে ক্রিয়ার সঙ্গে 'পর' কথা থাকে, সে ক্রিয়ার ইংরেজি করার জন্য had বসে এবং সঙ্গে verb-এর past participle ব্যবহার করতে হয়।

রোগী মরার পর ডাক্তার এসেছিল। → The doctor came after the patient had died.

আমি বাড়ি পৌঁছার পর বৃষ্টি শুরু হয়েছিল। → The rain started after I had reached home.

## Rule- 201

ভবিষ্যতকালে যে ক্রিয়ার সঙ্গে 'পর' কথা থাকে, সে ক্রিয়ার ইংরেজি করার জন্য verb-এর present tense ব্যবহার করতে হয়।

সে পড়ার পর লিখবে। → He will write after he reads.

সে আসার পর আমি ভাত খাব। → I shall eat rice after he comes.

## Rule- 202

'পূর্বে/পর' কথা দ্বারা যুক্ত বাক্যে যদি উভয় অংশের কর্ত (subject) একই ব্যক্তিকে বুঝায় তাহলে যে ক্রিয়ার সঙ্গে 'পূর্বে/পর' কথা থাকে সে ক্রিয়ার ইংরেজি করার জন্য verb + ing ব্যবহার করতে হয়। এটা যে কোন কালের (বর্তমান, অতীত, ভবিষ্যত) বেলায় প্রযোজ্য।

সে ভাত খাবার পূর্বে স্কুলে গিয়েছিল। → He went to school before eating rice.

সে ভাত খাবার পর স্কুলে যাবে। → He will go to school after eating rice.

## Rule- 203

ক্রিয়ার সঙ্গে 'সময়' ব্যবহার করলে তার ইংরেজি করার জন্য while বসে এবং সঙ্গে verb + ing ব্যবহার করতে হয়।

বাড়ি যাবার সময় → While going home

মিটিং-এ ভাষণ দেবার সময় → While addressing the meeting

## Rule- 204

একই বাক্যে দু'ব্যক্তির দু'টি কাজ করা বুঝালে সেটার উভয় অংশে subject + verb ব্যবহার করতে হবে।

স্কুলে যাবার সময় একটি কুকুর তাকে কামড় দিয়েছিল। → While he was going to school a dog bit him.

## Rule- 205

'লে' (ইলে) যুক্ত ক্রিয়া বা 'যদি' দ্বারা বাক্য যুক্ত করলে ইংরেজি If বসবে। If দিয়ে গঠিত অংশে Present tense ব্যবহার করা হলে অপর অংশে Present tense বা Future tense বসবে।

পড়লেই জানতে পারবে। → If you read, you will learn.

তুমি চেষ্টা করলে পাশ করতে পারবে। → If you tried, you would pass.

tanbircox.blogspot.com

## Rule- 206

ক্রিয়ার সঙ্গে 'মাত্র' বা 'সাথে সাথে' কথা থাকলে তার ইংরেজি as soon as বসবে।

সে আমাকে দেখা মাত্র পালিয়ে গেল। → As soon as he saw me, he ran away.

সে বইটি কেনা মাত্র হারিয়ে ফেলল। → As soon as he bought the book, he lost it.

## Rule- 207

বাংলায় যেতে না যেতে, খেতে না খেতে, দেখতে না দেখতে, বলতে না বলতে, শুনতে না শুনতে ইত্যাদি ব্যবহার করে দু'টি বাক্য যুক্ত করা হলে তার ইংরেজি No sooner .......... than বসবে।

সে আসতে না আসতে চলে গেল। → No sooner had he come than he went away.

## Rule- 208

যদি হ্যাঁ বোধক বাক্যের দু'টি অংশ থাকে এবং উভয় অংশের subject ভিন্ন হলেও যদি অবশিষ্ট অংশ ভিন্ন না হয়, তবে subject দু'টিকে not only ........... but also দ্বারা যুক্ত করতে হয়।

লিজাও দুষ্ট, সালমাও দুষ্ট। → Not only Liza but also Salma is wicked.

## Rule- 209

না বোধক বাক্যের উভয় অংশের subject দু'টি ভিন্ন হলে এবং বাকি অংশ অভিন্ন হলে কিংবা subject দু'টি অভিন্ন হয়ে verb দু'টি ভিন্ন হলে subject দু'টিকে neither ............ nor দ্বারা যুক্ত করতে হয়।

নাসিমাও ভাত খাবে না, ফাতেমাও ভাত খাবে না। → Neither Nasima nor Fatema will eat rice.

সে খেলবেও না, পড়বেও না। → He will neither play nor read.

আমিও যাব না আমার ভাইও যাবে না। → Neither my brother nor I shall go.

তারা বইও কিনে নি, খাতাও কিনে নি। → They bought neither books nor khatas.

## Rule- 210

অথবা/হ্যাঁ/না কথার ইংরেজি করার জন্য Either ............ or ব্যবহার করা হয়।

রহিম অথবা করিম আসবে। → Either Rahim or Karim will come.

সে লিখবে না হয় পড়বে। → He will either write or read.

## Rule- 211

একটি হ্যাঁ বোধক ও একটি না বোধক বাক্যকে যুক্ত করার জন্য Not ........... but ব্যবহার করতে হয়।

রহিম আসবে, করিম আসবে না। → Not Karim but Ramim will come.

আমি তোমাকে চিনি না, তোমার পিতাকে চিনি। → I know not you but your father.

tanbircox.blogspot.com

## Rule- 212

বাংলা বাক্যে 'এত যে' কথা থাকলে তার ইংরেজি So ......... that বসে।

সে এত দুর্বল যে হাঁটতে পারে না। → He is so weak that he can't walk.

সে এত অহংকারী যে আমার সাথে কথা বলে না। → He is so proud that he does not talk to me.

## Rule- 213

'আশায়' বা 'যেন' কথার ইংরেজি করার জন্য So that বসবে।

আমি চাকুরির আশায় ঢাকায় গিয়েছিলাম। → went to Dhaka so that I could get a job.

সে কঠোর পরিশ্রম করেছিল যেন প্রথম বিভাগে পাস করতে পারে। → He worked hard so that he could pass in the first division.

## Rule- 214

একটি কাজের ভয় বা আশংকা এড়াবার জন্য অন্য একটি কাজ করা বুঝালে ঐ বাক্যের ইংরেজি করার সময় Lest ........ should ব্যবহার করা যাবে।

শাস্তির ভয়ে ছাত্রটি স্কুলে আসে নি। → The student did not come to school lest he should be punished.

পাছে সে বইটি হারিয়ে ফেলে সে ভয়ে আমি তাকে দিইনি। → I did not give him the book lest he should lose it.

## Rule- 215

Noun-এর পূর্বে What ব্যবহার করে Exclamatory Sentence গঠন করা হয়ে থাকে।

What a fine place it is!

What a sad news I heard!

## Rule- 216

Adjective-এর পূর্বে How ব্যবহার করে Exclamatory Sentence গঠন করা হয়ে থাকে।

How beautiful the flower is!

How tall the man is!

## Rule- 217

আনন্দের কথা বুঝালে Hurrah! ব্যবহার করে Exclamatory Sentence গঠন করতে হয়।

Hurrah! You have got a job.

Hurrah! We have won the game.

## Rule- 218

দুঃখের কথা বুঝালে Alas! ব্যবহার করে Exclamatory Sentence গঠন করতে হয়।

Alas! The man is dead.

Alas! He has lost everything.

tanbircox.blogspot.com

ইন্টারনেট হতে সংগ্রহীত ......।

সীমিত ইন্টারনেট প্যাকেজের ও নেটের স্লো স্পিড়ের জন্য যারা আমার শেয়ার করা ই-বুক ও সফটওয়্যার গুলো ডাউনলোড করতে পারছেন না ...!

অথবা যারা ব্যস্তাতার জন্য ডাউনলোড করার সময় পাচ্ছেন না......

অথবা এতগুলো বই একটা একটা করে ডাউনলোড করতে যাদের বিরক্তিকর মনে হয় ...

তারা নিচের লিংকে দেখুন ...আশা করি আপনারা আপনাদের সমাধান পেয়ে যাবেন......

# এখানে ক্লিক করুনঃ

http://tanbircox.blogspot.com/2013/07/My-DVD-Collection-4-U.html

অথবা

# ডাউনলোড করুন.....১ এমবি মাত্র .

বাংলা ই-বুক, সফটওয়্যার ,শিক্ষণীয় তথ্য ও বিভিন্ন টিপস সম্পর্কে আপডেট পেতে চাইলে “বাংলা বইয়ের [ প্রয়োজনীয়_বাংলা_বই _Useful -Bangla- e-books ] এই ফেসবুক পেজে “লইক like দিতে পারেন ... আশা করি এতে আপনার কোন ক্ষতি হবে না তাছাড়া এই পেইজে কখনো অ্যাড দেওয়া হবে না ... তবে আপনাদের 100% উপকারে আসবে ...

বিশ্বাস না হলে পেইজের আগের পোস্ট গুলো একবার দেখে আসুন ......

**https://www.facebook.com/tanbir.ebooks**

পেইজ লাইকে যদি কারো সমস্যা থাকে তারা চাইলে আমাকে ফলো করে আপডেট পেতে পারেন ...।

http://www.facebook.com/tanbir.cox

আসলে আমার উদ্দেশ্য অন্যকে ভালো কিছু জানানো ...

tanbircox.blogspot.com

Want more Updates 📖:- http://facebook.com/tanbir.ebooks

প্রয়োজনীয় বাংলা বই ফ্রী ডাউনলোড করতে চাইলে নিচের লিংক গুলো দেখতে পারেনঃ

☆ http://techtunes.com.bd/tuner/tanbir_cox

☆ http://tunerpage.com/archives/author/tanbir_cox

☆ http://somewhereinblog.net/tanbircox

☆ http://pchelplinebd.com/archives/author/tanbir_cox

☆ http://prothom-aloblog.com/blog/tanbir_cox

**Tanbir Ahmad Razib**

Mobile No:→ 01738 -359 555

E-Mail: → tanbir.cox@gmail.com

Facebook: → http://facebook.com/tanbir.cox

e-books Page: → http://facebook.com/tanbir.ebooks

Web Site : → http://tanbircox.blogspot.com

tanbircox.blogspot.com



*I share new interesting & Useful Bangla e-books(pdf) everyday on my facebook page & website .*

*Keep on eye always on my facebook page & website & update ur knowledge .*

*If You think my e-books are useful , then please share & Distribute my e-book on Your facebook & personal blog .*

**facebook /gmail/skype: -** tanbir.cox Website :- http://tanbircox.blogspot.com

Want more Updates 🕮:- http://facebook.com/tanbir.ebooks

# My DVD Collection 4 U
## Complete Solution of your Computer

আপনি যেহেতু এই লেখা পড়ছেন , তাই আমি ধরে নিচ্ছি যে আপনি কম্পিউটার ও ইন্টারনেট ব্যবহারে অভিজ্ঞ ,কাজেই কম্পিউটারের প্রয়োজনীয় বিষয় গুলো সম্পর্কে ভালো খারাপ বিবেচনা করারা ক্ষমতা অবশ্যই আছে ...

তাই আপনাদের কাছে একান্ত অনুরোধ “ আপনারা সামান্য একটু সময় ব্যয় করে ,শুধু এক বার নিচের লিংকে ক্লিক করে এই DVD গুলোর মধ্যে অবস্থিত বই ও সফটওয়্যার এর নাম সমূহের উপর চোখ বুলিয়ে নিন।”তাহলেই বুঝে যবেন কেন এই DVD গুলো আপনার কালেকশনে রাখা দরকার!আপনার আজকের এই ব্যয়কৃত সামান্য সময় ভবিষ্যতে আপনার অনেক কষ্ট লাঘব করবে ও আপনার অনেকে সময় বাঁচিয়ে দিবে। বিশ্বাস করুন আর নাই করুনঃ- “বিভিন্ন ক্যাটাগরির এই DVD গুলোর মধ্যে দেওয়া বাংলা ও ইংলিশ বই , সফটওয়্যার ও টিউটোরিয়াল এর কালেকশন দেখে আপনি হতবাক হয়ে যাবেন !”

আপনি যদি বর্তমানে কম্পিউটার ব্যবহার করেন ও ভবিষ্যতেও কম্পিউটার সাথে যুক্ত থাকবেন তাহলে এই ডিভিডি গুলো আপনার অবশ্যই আপনার কালেকশনে রাখা দরকার........ কারনঃ

☆ এই ডিভিডি গুলো কোন দোকানে পাবেন না আর ইন্টারনেটেও এতো ইম্পরট্যান্ট কালেকশন একসাথে পাবেন বলে মনে হয় না।তাছাড়া এত বড় সাইজের ফাইল নেট থেকে নামানো খুবই কষ্টসাধ্য ও সময়সাপেক্ষ ব্যাপার।এছাড়া আপনি যেই ফাইলটা নামাবেন তা ফুল ভার্সন নাও হতে পারে ..

☆ এই ডিভিডি গুলো আপনার কালেকশনে থাকলে আপনাকে আর কোন কম্পিউটার বিশেষজ্ঞদের কাছে গিয়ে টাকার বিনিময়ে বা বন্ধুত্বের খাতিরে “ভাই একটু হেল্প করুন” বলে অন্যকে বিরক্ত করা লাগবে না ... ও নিজেকেও হয়রানি হতে হবে না ।

☆ এই ডিভিডি গুলোর মধ্যে অবস্থিত আমার করা ৩০০ টা বাংলা ই-বুক (pdf) ও ছোট সাইজের প্রয়োজনীয় সফটওয়্যার আপনাদের জন্য বিনামূল্যে আমার সাইটে শেয়ার করে দিয়েছি । কিন্তু প্রয়োজনীয় বড় সাইজের বই, টিটোরিয়াল ও ফুল ভার্সন সফটওয়্যার গুলো শেয়ার সাইট গুলোর সীমাবদ্ধতা ও ইন্টারনেটের স্লো আপলোড গতির জন্য শেয়ার করতে পারলাম না । তাছাড়া এই বড় ফাইল গুলো ডাউনলোড করতে গেলে আপনার ইন্টারনেট প্যাকেজের অনেক জিবি খরচ করতে হবে ... যেখানে ১ জিবি প্যাকেজ জন্য সর্বনিম্ন ৩৫০ টাকা তো খরচ হবে , এর সাথে সময় ও ইন্টারনেট গতিরও একটা ব্যাপার আছে। এই সব বিষয় চিন্তা করে আপনাদের জন্য এই ডিভিডি প্যাকেজ চালু করেছি ...

মোট কথা আপনাদের কম্পিউটারের বিভিন্ন সমস্যার চিরস্থায়ী সমাধান ও কম্পিউটারের জন্য প্রয়োজনীয় সব বই, সফটওয়্যার ও টিউটোরিয়াল এর সার্বিক সাপোর্ট দিতে আমার খুব কার্যকর একটা উদ্যোগ হচ্ছে এই ডিভিডি প্যাকেজ গুলো ...

আমার ডিভিডি প্যাকেজ গুলো সম্পর্কে বিস্তারিত জানার জন্য নিচের লিংকে ক্লিক করুনঃ

**All DVD Collection [At a Glance]:** এই ডিভিডি গুলো সম্পর্কে সংক্ষিপ্ত ভাবে ধারনা লাভ করার জন্য ... শুধু একবার চোখ বুলান
☆ http://tanbircox.blogspot.com/2013/07/My-DVD-Collection-4-U.html

**E-Education:** [মোট দুইটা ডিভিডি , সাইজ ৯ জিবি] আপনার শিক্ষাজীবনের জন্য প্রয়োজনীয় সব বাংলা বই ও সফটওয়্যার
☆ http://tanbircox.blogspot.com/2013/04/Complete-Solution-of-your-Education.html

**Genuine Windows Collection:** [মোট তিনটা ডিভিডি, সাইজ ১৩.৫ জিবি]Genuine Windows XP Service Pack 3 , Windows 7 -64 & 32 bit & Driver Pack Solution 13 এর সাথে রয়েছে উইন্ডোজের জন্য প্রয়োজনীয় বাংলা বই ও সফটওয়্যার
☆ http://tanbircox.blogspot.com/2013/07/All-Genuine-Windows-Collection.html

**Office & Documents:** All MS Office, documents ,pdf reader & Pdf edit Software এবং প্রয়োজনীয় সব বাংলা বই। যে কোন ধরনের ডকুমেন্ট এডিট , কনভার্ট ও ডিজাইন করার জন্য এই ডিভিডি টি যথেষ্ট , এই ডিভিডি পেলে অফিস ও ডকুমেন্ট সম্পর্কিত যে কোন কাজে অসাধ্য বলে কিছু থাকবে না... আপনার অফিসিয়াল কাজের জন্য প্রয়োজনীয় সফটওয়্যারের সম্পূর্ণ ও চিরস্থায়ী সমাধান...
☆ http://tanbircox.blogspot.com/2013/07/office-documents-soft-dvd.html

**All Design , Graphics & Photo Edit Soft:** [হয়ে যান সেরা ডিজাইনার ]ডিজাইন ,গ্রাফিক্স ও ছবি এডিট সম্পর্কিত প্রয়োজনীয় সব বাংলা ও ইংলিশ ই-বুক ,টিউটোরিয়াল ও ফুল ভার্সন সফটওয়্যার।ভালো ও এক্সপার্ট ডিজাইনার হওয়ার জন্য এর বাইরে আর কিছুই লাগবে না
☆ http://tanbircox.blogspot.com/2013/07/All-Design-and-Graphics-Software.html

**All Internet & Web programming Software:** প্রয়োজনীয় সব বাংলা ও ইংলিশ ই-বুক ,টিউটোরিয়াল ও ফুল ভার্সন সফটওয়্যার।
☆ http://tanbircox.blogspot.com/2013/07/All-Internet-And-Web-programming-Software.html

**All Multimedia & Windows Style Software:** A2Z Audio & Video player , Edito & converter . CD, DVD edit ও উইন্ডোজ কে সুন্দর দেখানোর জন্য প্রয়োজনীয় সব ফুল ভার্সন সফটওয়্যার।
☆ http://tanbircox.blogspot.com/2013/07/All-Multimedia-And-Windows-Style-Software.html

**5000+ Mobile Applications & games:**
☆ http://tanbircox.blogspot.com/2013/07/mobile-software-hardware-dvd-5000.html

**3000 +Bangla e-books Collection of best bd Writer:**
☆ http://tanbircox.blogspot.com/2013/07/A2Z-Bangla-ebooks-Collection.html

**facebook :: - www.facebook.com/tanbir.cox** Website 🌐:- http://tanbircox.blogspot.com